# সাম্প্রতিক প্রশ্নোত্তর

## বাংলাদেশ

**প্রশ্ন:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কতটি ভাষায় অনূদিত হয়?
**উত্তর:** ৬টি— চাকমা, মারমা, ককবরক, আচিক, কুড়মালি ও সাদরি।

**প্রশ্ন:** বর্তমানে দেশে মোট আয়তনের কত শতাংশ বনভূমি রয়েছে?
**উত্তর:** ১৫.৫৮% (জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে)।

**প্রশ্ন:** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (BAU) উদ্ভাবিত সারের প্রয়োজনীয়তা নির্ণয়ের অ্যাপটির নাম কী?
**উত্তর:** নিউট্রিয়েন্ট ব্যালেন্স।

**প্রশ্ন:** ১৭ ফেব্রুয়ারি ২০২৪ দেশের প্রথম প্লাস্টিক বর্জ্য পৃথকীকরণ প্ল্যান্ট কোথায় উদ্বোধন করা হয়?
**উত্তর:** সিলেট।

**প্রশ্ন:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS) ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৩ অনুযায়ী, শিল্পে নিয়োজিত জনগোষ্ঠী কত শতাংশ?
**উত্তর:** ১২.৪৯%।

**প্রশ্ন:** মাইকেল মধুসূদন পদক ২০২৩ লাভ করেন কে?
**উত্তর:** সুহিতা সুলতানা।

**প্রশ্ন:** দ্বাদশ জাতীয় সংসদে মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কতটি?
**উত্তর:** ৩৯টি।

**প্রশ্ন:** দ্বাদশ জাতীয় সংসদে মোট নারী সদস্য কতজন?
**উত্তর:** ৭০ জন (সরাসরি নির্বাচিত ২০জন)।

**প্রশ্ন:** ইন্টারন্যাশনাল ইসলামিক ট্রেড ফাইন্যান্স কর্পোরেশন (ITFC) এবং বাংলাদেশের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ঋণ চুক্তি কবে স্বাক্ষর করে?
**উত্তর:** ৭ ফেব্রুয়ারি ২০২৪।

**প্রশ্ন:** ২৪ ফেব্রুয়ারি ২০২৪ উদ্বোধনকৃত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী ও বাংলাদেশ সৃষ্টির ইতিহাস নিয়ে তৈরি অ্যাপের নাম কী?
**উত্তর:** বঙ্গবন্ধু।

**প্রশ্ন:** বাংলাদেশ ব্যাংক টাকার সঙ্গে ডলার বিনিময় বা সোয়াপ ব্যবস্থা চালু করে কবে?
**উত্তর:** ১৫ ফেব্রুয়ারি ২০২৪।

**প্রশ্ন:** বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মালিকানাধীন রাবার বাগান কতটি?
**উত্তর:** ১৮টি।

**প্রশ্ন:** ব্যাংক কোম্পানির স্বতন্ত্র পরিচালকের ন্যূনতম বয়স কত হবে?
**উত্তর:** ৪৫ বছর; সর্বোচ্চ ৭৫ বছর।

**প্রশ্ন:** ২০২২-২৩ সালের GDP'র চূড়ান্ত হিসাব অনুযায়ী, মাথাপিছু আয় কত?
**উত্তর:** ২,৭৩,৩৬০ টাকা।

**প্রশ্ন:** ২০২২-২৩ সালের GDP'র চূড়ান্ত হিসাব অনুযায়ী, মাথাপিছু GDP কত?
**উত্তর:** ২,৬২,৮৬৮ টাকা।

**প্রশ্ন:** BBS বর্তমানে GDP'র হিসাব প্রকাশ করে—
**উত্তর:** ত্রৈমাসিক।

**প্রশ্ন:** '৫৭০' চলচ্চিত্রটির পরিচালক কে?
**উত্তর:** আশরাফ শিশির।

**প্রশ্ন:** ২১ ফেব্রুয়ারি ২০২৪ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক উন্মোচিত নতুন বাংলা ফন্টের নাম কী?
**উত্তর:** পূর্ণ।

## আন্তর্জাতিক

**প্রশ্ন:** পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের প্রথম নারী মুখ্যমন্ত্রী কে?
**উত্তর:** মরিয়ম নওয়াজ।

**প্রশ্ন:** সম্প্রতি রাশিয়া ইউক্রেনের কোন শহর পূর্ণ নিয়ন্ত্রণ নেয়?
**উত্তর:** আভদিভকা।

**প্রশ্ন:** 'মুস্তারিবিন' কোন দেশের কুখ্যাত গুপ্তচর বাহিনী?
**উত্তর:** ইসরায়েল।

**প্রশ্ন:** 'অ্যাক্সিস অব রেসিস্ট্যান্স' বলতে কী বোঝায়?
**উত্তর:** ইরান-সমর্থিত বাহিনীর নেটওয়ার্ক।

**প্রশ্ন:** বিশ্বের সর্ববৃহৎ প্রমোদতরি 'আইকন অব দ্য সিজ' কবে যাত্রা শুরু করে?
**উত্তর:** ২৭ জানুয়ারি ২০২৪।

**প্রশ্ন:** ৩ ফেব্রুয়ারি ২০২৪ থাইল্যান্ড ও শ্রীলংকার মধ্যে কোন ধরনের চুক্তি স্বাক্ষরিত হয়?
**উত্তর:** মুক্ত বাণিজ্য চুক্তি (FTA)।

**প্রশ্ন:** মানুষের মস্তিষ্কে পেপমেকারের মতো তারবিহীন চিপ স্থাপন করে কোন প্রতিষ্ঠান?
**উত্তর:** নিউরালিংক।

**প্রশ্ন:** ২২ জানুয়ারি ২০২৪ কোন দেশ সমুদ্রের তলদেশে রেলওয়ে টানেল নির্মাণের ঘোষণা দেয়?
**উত্তর:** মালদ্বীপ।

**প্রশ্ন:** গুগলের তৈরিকৃত কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) নাম কী?
**উত্তর:** জেমিনি।

**প্রশ্ন:** ২০২৬ সাল থেকে সিঙ্গাপুরের সকল উড়োজাহাজে কোন ধরনের জ্বালানি ব্যবহার বাধ্যতামূলক করবে?
**উত্তর:** পরিবেশবান্ধব জ্বালানি সাসটেইনেবল এভিয়েশন ফুয়েল (SAF)।

**প্রশ্ন:** দক্ষিণ কোরিয়া ও কিউবা পুনরায় কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে কবে?
**উত্তর:** ১৪ ফেব্রুয়ারি ২০২৪।

**প্রশ্ন:** আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (IMF) প্রতিবেদন অনুযায়ী, মাথাপিছু আয়ে শীর্ষ দেশ কোনটি?
**উত্তর:** লুক্সেমবার্গ (১,৪০,৩১২ মার্কিন ডলার)।

**প্রশ্ন:** থাইল্যান্ডে নির্বাসিত মিয়ানমার নাগরিকদের পরিচালিত সংবাদ মাধ্যমের নাম কী?
**উত্তর:** Irrawaddz।

**প্রশ্ন:** ২১ ফেব্রুয়ারি ২০২৪ গাজায় ইসরায়েলি অভিযান শুরুর পর প্রথমবারের মতো উপত্যকাটিতে আকাশপথে ত্রাণ পাঠায় কোন দেশ?
**উত্তর:** যুক্তরাজ্য।

**প্রশ্ন:** যুক্তরাষ্ট্র প্রথম ব্যক্তিমালিকানাধীন পর্যায়ে Odysseus মহাকাশযান চাঁদে অবতরণ করে কবে?
**উত্তর:** ২২ ফেব্রুয়ারি ২০২৪।

## ক্রীড়াঙ্গন

**প্রশ্ন:** বাংলাদেশের জাতীয় দলের নতুন প্রধান নির্বাচকের নাম কী?
**উত্তর:** গাজী আশরাফ হোসেন লিপু।

**প্রশ্ন:** আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) ওয়ানডে অলরাউন্ডার র‍্যাংকিংয়ে শীর্ষস্থান অর্জন করেন কে?
**উত্তর:** মোহাম্মদ নবী।

# সাম্প্রতিক MCQ
## গুরুত্বপূর্ণ প্রশ্ন

কারেন্ট অ্যাফেয়ার্স

### বাংলাদেশ

১. এজেন্সি টু ইনোভেট (a2i) প্রতিষ্ঠা করা হয় কবে?
(ক) ৫ ফেব্রুয়ারি ২০২৪ (খ) ৭ ফেব্রুয়ারি ২০২৪
(গ) ৯ ফেব্রুয়ারি ২০২৪ (ঘ) ১০ ফেব্রুয়ারি ২০২৪

২. এজেন্সি টু ইনোভেট (a2i) কোন মন্ত্রণালয়ের অধীন?
(ক) প্রধানমন্ত্রীর কার্যালয়
(খ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
(গ) প্রতিরক্ষা মন্ত্রণালয়
(ঘ) ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

৩. বিশ্বের কততম দেশ হিসেবে বাংলাদেশে মেট্রোরেল চালু হয়?
(ক) ৩৬তম (খ) ৪২তম
(গ) ৬০তম (ঘ) ৬২তম

৪. মুক্তিযুদ্ধের কাহিনী অবলম্বনে নির্মিতব্য 'অপারেশন জ্যাকপট' সিনেমার পরিচালক কে?
(ক) দেলোয়ার জাহান ঝন্টু (বাংলাদেশ)
(খ) রাজীব কুমার (ভারত)
(গ) শ্যাম বেনেগল (ভারত)
(ঘ) ক+খ

৫. ২০২৪ সালে ভারতের বেসামরিক সম্মাননা পদ্মশ্রী লাভ করেন কোন বাংলাদেশি?
(ক) খুরশিদ আলম (খ) অদিতি মহসিন
(গ) রেজওয়ানা চৌধুরী বন্যা (ঘ) কলিম শরাফী

৬. বর্তমানে দেশে নদীবন্দর কতটি?
(ক) ৪৩টি (খ) ৪৪টি (গ) ৪৫টি (ঘ) ৪৬টি

৭. দেশের ৪৬তম নদীবন্দর কোনটি?
(ক) সুলতানগঞ্জ নদীবন্দর, রাজশাহী
(খ) মোহনগঞ্জ নদীবন্দর, নেত্রকোণা
(গ) নাজিরগঞ্জ নদীবন্দর, পাবনা
(ঘ) বসন্তপুর নদীবন্দর, সাতক্ষীরা

### বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্স ২০২২

৮. মোট জনসংখ্যা (১ জানুয়ারি ২০২৩ পর্যন্ত) কত মিলিয়ন?
(ক) ১৬৯.৮২ (খ) ১৭০.৮৪
(গ) ১৮০.৮৩ (ঘ) ১৯০.৮৪

৯. জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার কত?
(ক) ১.১২% (খ) ১.২২%
(গ) ১.৪০% (ঘ) ১.৪২%

১০. সাক্ষরতার হার সর্বাধিক কোন বিভাগে?
(ক) ঢাকা (খ) বরিশাল
(গ) চট্টগ্রাম (ঘ) খুলনা

১১. সাক্ষরতার হার সর্বনিম্ন কোন বিভাগে?
(ক) সিলেট (খ) রাজশাহী
(গ) রংপুর (ঘ) ময়মনসিংহ

১২. সাক্ষরতার হারে শীর্ষ জেলা কোনটি?
(ক) পিরোজপুর (খ) ঝালকাঠি
(গ) বাগেরহাট (ঘ) বরগুনা

১৩. সাক্ষরতার হারে সর্বনিম্ন জেলা কোনটি?
(ক) সিরাজগঞ্জ (খ) শেরপুর
(গ) জামালপুর (ঘ) বান্দরবান

### GDP'র চূড়ান্ত হিসাব ২০২২-২৩

১৪. GDP'র প্রবৃদ্ধির হার কত?
(ক) ৫.৭৮% (খ) ৬.০৭%
(গ) ৭.৭৩% (ঘ) ৮.১০%

১৫. কৃষি খাতে প্রবৃদ্ধির হার কত?
(ক) ৩.২৫% (খ) ৩.৩৭%
(গ) ৪.১৫% (ঘ) ৫.৭৫%

১৬. শিল্প খাতে প্রবৃদ্ধির হার কত?
(ক) ৭.৩৭% (খ) ৮.৩৭%
(গ) ৯.৮৬% (ঘ) ১০.২৬%

১৭. সেবা খাতে প্রবৃদ্ধির হার কত?
(ক) ৫.৩৭% (খ) ৭.২৬%
(গ) ৮.৪৭% (ঘ) ৯.৪৭%

১৮. কৃষি খাতে অবদানের হার কত?
(ক) ১০.৯২% (খ) ১১.৩০%
(গ) ১২.৭৪% (ঘ) ১৪.৪৭%

১৯. শিল্প খাতে অবদানের হার কত?
(ক) ৩২.২৩% (খ) ৩৪.৯৭%
(গ) ৩৫.২৯% (ঘ) ৩৭.৬৫%

২০. সেবা খাতে অবদানের হার কত?
(ক) ৫০.৯৪% (খ) ৫১.৭৪%
(গ) ৫১.০৫% (ঘ) ৫২.৪৭%

### আন্তর্জাতিক

২১. মালয়েশিয়ার বর্তমান রাজা কে?
(ক) সুলতান আহমাদ শাহ (খ) ইব্রাহিম সুলতান
(গ) সুলতান মোহাম্মদ (ঘ) আনোয়ার ইব্রাহিম

২২. বিশ্বের প্রথম AI শিশুর নাম কী?
(ক) Sophia (খ) Tong Tong
(গ) Qiu Hao (ঘ) Aparajita

২৩. মিয়ানমারের সীমান্ত বাহিনীর নাম কী?
(ক) বর্ডার গার্ড পুলিশ (খ) আরাকান আর্মি
(গ) লুকথিন (ঘ) তাতমাদো

২৪. বিশ্বের প্রথম কাঠের তৈরি কৃত্রিম উপগ্রহের নাম কী?
(ক) OhsumiSat (খ) NipponSat
(গ) LignoSat (ঘ) Delta DM-19

**উত্তর**

| | |
|---|---|
| ১. | ক |
| ২. | ঘ |
| ৩. | গ |
| ৪. | ঘ |
| ৫. | গ |
| ৬. | ঘ |
| ৭. | ক |
| ৮. | খ |
| ৯. | গ |
| ১০. | খ |
| ১১. | ঘ |
| ১২. | ক |
| ১৩. | ঘ |
| ১৪. | ক |
| ১৫. | খ |
| ১৬. | খ |
| ১৭ | ক |
| ১৮. | খ |
| ১৯. | ঘ |
| ২০. | গ |
| ২১. | খ |
| ২২. | খ |
| ২৩. | ক |
| ২৪. | গ |

## সংস্থা-সংগঠন

২৫. ১৭ ফেব্রুয়ারি ২০২৪ আফ্রিকান ইউনিয়ন (AU)-এর চেয়ারপারসন হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কে?
ক ম্যাকি সাল খ আলফা কোন্ডে
গ আজালি আসুমানি ● মোহাম্মদ আউলদ গাজোয়ানি

২৬. আন্তর্জাতিক বিচার আদালতের (ICJ) নতুন প্রেসিডেন্ট কে?
ক ক্রিস্টোফার গ্রিনউড (আর্জেন্টিনা)
● নাওয়াফ সালাম (লেবানন)
গ পিটার টমকা (স্লোভাকিয়া)
ঘ দলভীর ভান্ডারী (ভারত)

২৭. জোট-নিরপেক্ষ আন্দোলন (NAM)-এর বর্তমান সদস্য দেশ কতটি?
ক ১২০ ● ১২১ গ ১২২ ঘ ১২৩

২৮. ১৭ জানুয়ারি ২০২৪ কোন দেশ NAM'র ১২১তম সদস্যপদ লাভ করে?
ক দক্ষিণ কোরিয়া খ দক্ষিণ আফ্রিকা
● দক্ষিণ সুদান ঘ উত্তর কোরিয়া

২৯. আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)-এর বর্তমান সদস্য দেশ কতটি?
● ১৭৮ খ ১৮০ গ ১৮২ ঘ ১৮৩

৩০. ১৪ ফেব্রুয়ারি ২০২৪ কোন দেশ IFAD'র ১৭৮তম সদস্যপদ লাভ করে?
ক তাইওয়ান খ কসোভো
গ দক্ষিণ সুদান ● সার্বিয়া

## সম্মেলন

৩১. বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) মন্ত্রী পর্যায়ের ১৩তম সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
ক ১০-১৩ ফেব্রুয়ারি ২০২৪
খ ১৭-২০ ফেব্রুয়ারি ২০২৪
গ ২১-২৪ ফেব্রুয়ারি ২০২৪
● ২৬-২৯ ফেব্রুয়ারি ২০২৪

৩২. বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) মন্ত্রী পর্যায়ের ১৩তম সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
ক প্যারিস, ফ্রান্স ● আবুধাবি, আরব আমিরাত
গ তেহরান, ইরান ঘ জেনেভা, সুইজারল্যান্ড

## রিপোর্ট-সমীক্ষা

৩৩. ২০২৩ সালের বৈশ্বিক গণতন্ত্র সূচকে শীর্ষ দেশ কোনটি?
● নরওয়ে খ নিউজিল্যান্ড
গ ফিনল্যান্ড ঘ সুইডেন

৩৪. ২০২৩ সালের বৈশ্বিক গণতন্ত্র সূচকে সর্বনিম্ন দেশ কোনটি?
ক মিয়ানমার খ উত্তর কোরিয়া
গ সোমালিয়া ● আফগানিস্তান

৩৫. ২০২৩ সালের বৈশ্বিক গণতন্ত্র সূচকে বাংলাদেশের অবস্থান কত?
ক ৬৭তম ● ৭৫তম গ ৮৯তম ঘ ৯৯তম

## দুর্নীতি ধারণা সূচক ২০২৩

৩৬. শীর্ষ দুর্নীতিগ্রস্ত দেশ কোনটি?
ক ভেনেজুয়েলা খ দক্ষিণ সুদান
গ সিরিয়া ● সোমালিয়া

৩৭. কম দুর্নীতিগ্রস্ত দেশ কোনটি?
ক নিউজিল্যান্ড খ ফিনল্যান্ড
● ডেনমার্ক ঘ নরওয়ে

৩৮. নিম্নক্রম অনুযায়ী বাংলাদেশের অবস্থান কততম?
● ১০তম খ ১২তম গ ১৩তম ঘ ১৪তম

৩৯. ঊর্ধ্বক্রম অনুযায়ী বাংলাদেশের অবস্থান কততম?
ক ১৪২তম খ ১৪৬তম
গ ১৪৭তম ● ১৪৯তম

## বিশ্ব ভাষাচিত্র ২০২৪

৪০. বর্তমানে বিশ্বে প্রচলিত ভাষার সংখ্যা কতটি?
ক ৭,১১৭টি খ ৭,১৪১টি
গ ৭,১৫১টি ● ৭,১৬৪টি

৪১. বিশ্বের শীর্ষ ব্যবহৃত ভাষা কোনটি?
ক মান্দারিন খ স্প্যানিশ
● ইংরেজি ঘ হিন্দি

৪২. ব্যবহারকারীর দিক থেকে বাংলা ভাষার অবস্থান কত?
ক পঞ্চম খ ষষ্ঠ ● সপ্তম ঘ অষ্টম

## ক্রীড়াঙ্গন

৪৩. ২০২৩ সালের আইসিসি বর্ষসেরা ক্রিকেটার কে?
● প্যাট কামিন্স (অস্ট্রেলিয়া)
খ বিরাট কোহলি (ভারত)
গ উসমান খাজা (অস্ট্রেলিয়া)
ঘ রবীন্দ্র জাদেজা (ভারত)

৪৪. ১৮তম এশিয়া কাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয় কোন দেশ?
ক জর্ডান ● কাতার
গ জাপান ঘ দক্ষিণ কোরিয়া

৪৫. ৩৪তম আফ্রিকান নেশন্স কাপে চ্যাম্পিয়ন হয় কোন দেশ?
ক নাইজেরিয়া খ ডিআর কঙ্গো
গ দক্ষিণ আফ্রিকা ● আইভোরিকোস্ট

৪৬. তিন সংস্করণেই বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের বর্তমান অধিনায়ক কে?
● নাজমুল হোসেন শান্ত খ মমিনুল হক
গ মুশফিকুর রহিম ঘ সাকিব আল হাসান

## ২৩তম বিশ্বকাপ ফুটবল ২০২৬

৪৭. আয়োজক দেশ কোনটি?
ক যুক্তরাষ্ট্র খ কানাডা
গ মেক্সিকো ● ওপরের সবগুলো

৪৮. মোট কতটি দল অংশগ্রহণ করবে?
ক ৩২টি খ ৩৮টি গ ৪৪টি ● ৪৮টি

৪৯. ভেন্যু কতটি?
ক ১২টি খ ১৪টি ● ১৬টি ঘ ১৮টি

৫০. মোট ম্যাচ হবে কতটি?
ক ১০২টি ● ১০৪টি গ ১০৬টি ঘ ১০৮টি

কারেন্ট অ্যাফেয়ার্স

**উত্তর**

| | |
|---|---|
| ২৫. | ঘ |
| ২৬. | খ |
| ২৭. | খ |
| ২৮. | গ |
| ২৯. | ক |
| ৩০. | ঘ |
| ৩১. | ঘ |
| ৩২. | খ |
| ৩৩. | ক |
| ৩৪. | ঘ |
| ৩৫. | খ |
| ৩৬. | ঘ |
| ৩৭. | গ |
| ৩৮. | ক |
| ৩৯. | ঘ |
| ৪০. | ঘ |
| ৪১. | গ |
| ৪২. | গ |
| ৪৩. | ক |
| ৪৪. | খ |
| ৪৫. | ঘ |
| ৪৬. | ক |
| ৪৭. | ঘ |
| ৪৮. | ঘ |
| ৪৯. | গ |
| ৫০. | খ |

# Recent Info Inquiry

## Bangladesh

Ques : How many citizens of the country got Ekushey Padak in recognition of their momentous contributions in various fields of the nation?
Ans : 21.

Ques : What is the newly adopted name for Sugandha Beach of Cox's Bazar?
Ans : Bangabandhu Beach.

Ques : In the January-October period of 2023 Bangladesh retained the top position in garment export to which country?
Ans : United Kingdom.

Ques : Which Bangladeshi has been elected as the President of the Executive Board of UNDP, UNFPA, UNOPS for 2024?
Ans : Muhammad Abdul Muhith.

Ques : According to The Henley Passport Index : Q1 2024, which position is occupied by Bangladesh?
Ans : 102.

Ques : What is the date of first session of 12th parliament?
Ans : 30 January 2024.

Ques : According to Global Firepower which position does Bangladesh secure in 2024 Military Strength Ranking?
Ans : 37.

Ques : Which product has been announced as the 'product of the year'?
Ans : Handicrafts.

Ques : What are the BRRI invented two new high-yielding paddy varieties?
Ans : BRRI 107 and BRRI 108.

## International

Ques : Which country overtakes Japan as third-biggest economy in the year 2023?
Ans : Germany.

Ques : 16 February 2024 which state banned Donald Trump from running business for three years over fraud allegation case?
Ans : New York.

Ques : Who is the President Vladimir Putin's opponent died in prison recently?
Ans : Alexei Navalny.

Ques : From 5 February 2024 which country offers visa-free entry for tourists from 28 countries?
Ans : Iran.

Ques : 3 February 2024 Sri Lanka signed free trade agreement with which country?
Ans : Thailand.

Ques : On 1 February 2024 which country inaugurated controversial law to regulate online content?
Ans : Sri Lanka.

Ques : Which country unveiled Arman and Azarakhsh defense system on 17 February 2024?
Ans : Iran.

Ques : Why was Homeland Security Secretary Alejandro Mayorkas impeached on 13 February 2024?
Ans : Over handling of the U.S-Mexico border issue.

Ques : Which country will receive F-16 from USA according to the notification of US Department of State on 26 January 2024?
Ans : Turkey.

Ques : Who is the newly elected president of Indonesia?
Ans : Prabowo Subianto.

Ques : Which one is Gulf nation's first traditional hand-carved Hindu temple?
Ans : The Bochasanwasi Shri Akshar Purushottam Swaminarayan Sanstha (BAPS) situated in UAE.

## Space and technology

Ques : Which IT Firm prepared 'Bangabandhu App' that features life sketch of Bangabandhu and Bangladesh's history?
Ans : Durbar Technology Limited.

Ques : Which is the name of Bangladesh's first cloud data centre inaugurated by Gennext Technologies Limited?
Ans : Meghna Cloud.

Ques : Which company made moon lander Odysseus?
Ans : Texas-Based Company Intuitive Machines. [First private company accomplishing moon landing]

Ques : Which organization said that it will introduce tools to combat disinformation ahead of the dozens of elections this year?
Ans : ChatGPT maker OpenAI.

Ques : Which one is the most powerful Chinese commercial rocket?
Ans : Gravity-1 (built by Chinese company 'Orienspace').

## Sports

Ques : Who holds the world record of fastest triple century in the history of first-class cricket?
Ans : Tanmay Agarwal (in 147).


Ques : Which country will hold summer Olympic and Paralympic this year?
Ans : France.

Ques : Who are the fastest man and women in 47th National Athletics Championships?
Ans : Imranur Rahman and Shirin Akter.

কমিউনিস্ট নেতা হো চি মিনের নামে হো চি মিন সিটির নামকরণ করা হয়



# সংবাদ সমাচার



## গত সংখ্যার বাকি অংশ

**আন্তর্জাতিক ♦ ২৫.০১.২০২৪ । বৃহস্পতিবার**
— সুইডেনের ন্যাটো সদস্যপদের আবেদনে স্বাক্ষর করেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তায়েপ এরদোয়ান।

**আন্তর্জাতিক ♦ ২৬.০১.২০২৪ । শুক্রবার**
— ইসরায়েলকে ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় গণহত্যা বন্ধের নির্দেশ দেয় আন্তর্জাতিক বিচারিক আদালত (ICJ)।

**আন্তর্জাতিক ♦ ২৮.০১.২০২৪ । রবিবার**
— জর্ডানের উত্তর-পূর্বাঞ্চলে যুক্তরাষ্ট্রের একটি ঘাঁটিতে ড্রোন হামলায় যুক্তরাষ্ট্রের তিন সেনা নিহত হয়।

**বাংলাদেশ ♦ ২৯.০১.২০২৪ । সোমবার**
— দেশের প্রথম আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল ম্যাস র‍্যাপিড ট্রানজিট লাইন-১-এর কাজ শুরু।

**আন্তর্জাতিক**
— লাওসের লুয়াং প্রাবাং শহরে আসিয়ানের পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলন অনুষ্ঠিত।

**বাংলাদেশ ♦ ৩০.০১.২০২৪ । মঙ্গলবার**
— স্পিকার হিসেবে শিরীন শারমিন চৌধুরী শপথ গ্রহণ করেন।

**আন্তর্জাতিক**
— সাইফার মামলায় পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে ১০ বছরের কারাদণ্ড দেয় দেশটির আদালত।

**আন্তর্জাতিক ♦ ৩১.০১.২০২৪ । বুধবার**
— মালয়েশিয়ার ১৭তম রাজা হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ইব্রাহিম সুলতান।
— ভারতের উত্তর প্রদেশ রাজ্যের বারাণসিতে অবস্থিত জ্ঞানবাপী মসজিদের বেসমেন্টে পূজা করার অনুমতি দেয় দেশটির আদালত।

## ফেব্রুয়ারি

**বাংলাদেশ ♦ ০১.০২.২০২৪ । বৃহস্পতিবার**
— দুইদিনব্যাপী ৩৬তম জাতীয় কবিতা উৎসব শুরু।
— বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালকের দায়িত্ব গ্রহণ করেন সায়মা ওয়াজেদ পুতুল।

**আন্তর্জাতিক**
— ফিলিস্তিনের পশ্চিম তীরে অবৈধ ইহুদি বসতি স্থাপনকারী চার ইসরায়েলির ওপর নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র।

**বাংলাদেশ ♦ ০২.০২.২০২৪ । শুক্রবার**
— বিশ্ব ইজতেমার প্রথম পর্বের কার্যক্রম শুরু।

**আন্তর্জাতিক**
— যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্বাচনে হস্তক্ষেপের মামলার বিচার কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ করার আদেশ দেন ফেডারেল বিচারক তানিয়া চুটকান।
— রাশিয়ার বিরুদ্ধে ইউক্রেনের করা একটি মামলার কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয় আন্তর্জাতিক বিচার আদালত (ICJ)।
— ভারতের রাজধানী নয়াদিল্লিতে দুই দেশের শীর্ষ কর্মকর্তাদের বৈঠকের পর মালদ্বীপ থেকে সেনা প্রত্যাহারে সম্মত হয় ভারত।

**আন্তর্জাতিক ♦ ০৩.০২.২০২৪ । শনিবার**
— পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান ও তার স্ত্রী বুশরা বিবিকে সাত বছরের কারাদণ্ডাদেশ দেয় দেশটির আদালত।

**বাংলাদেশ ♦ ০৪.০২.২০২৪ । রবিবার**
— খেলাপি ঋণ কমানো নিশ্চিতে রোডম্যাপ অনুমোদন দেয় বাংলাদেশ ব্যাংক।

**আন্তর্জাতিক**
— এক দশক ধরে কূটনৈতিক সম্পর্কে টানাপড়েনের পর মিসরের কাছে সামরিক ড্রোন বিক্রিতে সম্মত হয় তুরস্ক।

**বাংলাদেশ ♦ ০৬.০২.২০২৪ । মঙ্গলবার**
— দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত ৫০টি নারী আসনে নির্বাচনের তফসিল ঘোষণা।

**বাংলাদেশ ♦ ০৭.০২.২০২৪ । বুধবার**
— সিঙ্গাপুরের দুটি প্রতিষ্ঠান থেকে লিকুইডিফাইড ন্যাচারাল গ্যাস (LNG) আমদানি করার অনুমোদন দেয় সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

**বাংলাদেশ ♦ ০৮.০২.২০২৪ । বৃহস্পতিবার**
— পবিত্র শবে মিরাজ পালিত।

**আন্তর্জাতিক**
— পাকিস্তানের জাতীয় পরিষদ ও চারটি প্রাদেশিক পরিষদের নির্বাচন অনুষ্ঠিত।

**বাংলাদেশ ♦ ০৯.০২.২০২৪ । শুক্রবার**
— বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব শুরু।
— ২০২৩-২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত।

**আন্তর্জাতিক ♦ ১০.০২.২০২৪ । শনিবার**
— হাঙ্গেরিতে শিশু যৌন নিপীড়নে জড়িত এক ব্যক্তিকে ক্ষমা করার জেরে বিক্ষোভের মুখে পদত্যাগ করেন প্রেসিডেন্ট কাতালিন নোভাক।

**আন্তর্জাতিক ♦ ১১.০২.২০২৪ । রবিবার**
— ফিনল্যান্ডের নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হন আলেকজান্ডার স্টাব।

**আন্তর্জাতিক ♦ ১৩.০২.২০২৪ । মঙ্গলবার**
— ইউক্রেন, ইসরায়েল ও তাইওয়ানের জন্য সহায়তা বিল যুক্তরাষ্ট্রের কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটে অনুমোদন।
— যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি-বিষয়ক মন্ত্রী আলেহান্দ্রো মায়োরকাসকে অভিশংসনের পক্ষে ভোট দেয় মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদ।

**ফেব্রুয়ারি ২০২৪ সংখ্যার সংশোধনী**

| পৃষ্ঠা | কলাম | লাইন | যা আছে | যা হবে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ১১ | ২৮তম | ১৮তম |
| ১৫ | ১ | ১২ | ৯৭তম | ১০২তম |
| ৮৩ | ২ | ২২ | ১০ জানুয়ারি | ৮ জানুয়ারি |

ভিয়েতনাম দেশটি ভৌগোলিকভাবে ইংরেজি এস (S) বর্ণাকৃতির

**আন্তর্জাতিক ♦ ১৪.০২.২০২৪ | বুধবার**

— ইন্দোনেশিয়ায় প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত।

— ৬৫ বছর পর দক্ষিণ কোরিয়া ও কিউবার মধ্যে কূটনৈতিক সম্পর্ক পুনঃস্থাপিত হয়।

— সংযুক্ত আরব আমিরাতের আবুধাবিতে প্রথম মন্দির উদ্বোধন করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

**বাংলাদেশ ♦ ১৫.০২.২০২৪ | বৃহস্পতিবার**

— তৃতীয় ধাপে ১০৮ জন শহীদ বুদ্ধিজীবীর তালিকা প্রকাশ করে গেজেট প্রকাশ করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

— ২০২৪ সালের এসএসসি ও সমমান পরীক্ষা শুরু।

— মিউনিখ সিকিউরিটি কনফারেন্সে (MSC) যোগ দিতে জার্মানি সফরে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

**আন্তর্জাতিক**

— ভারতের সুপ্রিম কোর্ট ইলেকটোরাল বন্ড বা নির্বাচনী বন্ড ব্যবস্থা অসাংবিধানিক বলে রায় দেয়।

— প্রথম বেসরকারি মহাকাশযান চাঁদের উদ্দেশ্যে যাত্রা শুরু করে।

**আন্তর্জাতিক ♦ ১৬.০২.২০২৪ | শুক্রবার**

— জার্মানির মিউনিখে ৬০তম মিউনিখ নিরাপত্তা সম্মেলন শুরু।

— রাশিয়ায় কারাবন্দী বিরোধী নেতা অ্যালেক্সি নাভালনি মারা যান।

— ঋণদাতার কাছে নিজের সম্পদের মূল্য বাড়িয়ে দেখানোর অভিযোগে ডোনাল্ড ট্রাম্পকে ৩৫ কোটি ৪৯ লাখ ডলার জরিমানা করা হয়।

**বাংলাদেশ ♦ ১৭.০২.২০২৪ | শনিবার**

— সিলেটে দেশের প্রথম প্লাস্টিক বর্জ্য পৃথকীকরণ প্ল্যান্ট উদ্বোধন করা হয়।

— মিউনিখ নিরাপত্তা সম্মেলন (MSC) ২০২৪-এর ফাঁকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির মধ্যে বৈঠক অনুষ্ঠিত।

**আন্তর্জাতিক**

— পাকিস্তানের জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচনে কারচুপির অভিযোগ মাথায় নিয়ে পদত্যাগের ঘোষণা দেয় রাওয়ালপিন্ডির কমিশনার লিয়াকত আলি চাথা।

**বাংলাদেশ ♦ ১৮.০২.২০২৪ | রবিবার**

— দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের নির্বাচনে আওয়ামী লীগের ৪৮ ও জাতীয় পার্টির ২ প্রার্থী মনোনয়নপত্র জমা দেয়।

**আন্তর্জাতিক**

— থাইল্যান্ডের সাজাপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী থাকসিন সিনাওয়াত্রা প্যারোলে মুক্তি পান।

**বাংলাদেশ ♦ ১৯.০২.২০২৪ | সোমবার**

— জার্মানির মিউনিখে তিনদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

— আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করার জন্য উদ্বোধন করা হয় অ্যান্ড্রয়েড অ্যাপ 'অমর একুশে'।

— বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৫০ বছর পূর্তি।

**আন্তর্জাতিক**

— যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও ইউরোপীয় ইউনিয়নভুক্ত (EU) ২৭ দেশের নাগরিকদের ভিসা ছাড়াই ওমরাহ করার সিদ্ধান্ত নেয় সৌদি সরকার।

— ফিলিস্তিনের ভূখণ্ডে ইসরায়েলের দখলদারিত্ব নিয়ে আন্তর্জাতিক বিচার আদালতে (ICJ) ঐতিহাসিক শুনানি শুরু হয়।

**আন্তর্জাতিক ♦ ২০.০২.২০২৪ | মঙ্গলবার**

— পাকিস্তানে জোট সরকার গঠনে ঐকমত্যে পৌঁছে পাকিস্তান মুসলিম লিগ (PML-N) এবং পাকিস্তান পিপলস পার্টির (PPP)।

— ফিলিস্তিনের গাজায় অবিলম্বে যুদ্ধবিরতির আহ্বান জানিয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে তোলা নতুন একটি প্রস্তাবে ভেটো ক্ষমতা প্রয়োগ করে আটকে দেয় যুক্তরাষ্ট্র।

**বাংলাদেশ ♦ ২১.০২.২০২৪ | বুধবার**

— মুজিব শতবর্ষ জাদুঘর ও আর্কাইভের ভিত্তিপ্রস্তর স্থাপন।

— মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত।

— ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ৬ ভাষায় বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী'র মোড়ক উন্মোচন।

**বাংলাদেশ ♦ ২২.০২.২০২৪ | বৃহস্পতিবার**

— দ্য টেরিটোরিয়াল ওয়াটারস অ্যান্ড মেরিটাইম জোনস অ্যাক্ট, ১৯৭৪' আইন প্রণয়নের সুবর্ণজয়ন্তী পালিত।

**বাংলাদেশ ♦ ২৩.০২.২০২৪ | শুক্রবার**

— দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে টানা চতুর্থ দফায় সরকার গঠনের পর প্রথম সংবাদ সম্মেলন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

**বাংলাদেশ ♦ ২৪.০২.২০২৪ | শনিবার**

— শেখ মুজিবুর রহমানের জীবনী ও বাংলাদেশ সৃষ্টির ইতিহাস নিয়ে তৈরি 'বঙ্গবন্ধু' অ্যাপ-এর উদ্বোধন।

**বাংলাদেশ ♦ ২৫.০২.২০২৪ | রবিবার**

— ব্যক্তিপর্যায়ে হাতি পালনে লাইসেন্স প্রদান ও বিদ্যমান লাইসেন্স নবায়ন কার্যক্রমে স্থগিতাদেশ প্রদান করে হাইকোর্ট বিভাগ।

— সংরক্ষিত নারী আসনের ৫০ জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

**আন্তর্জাতিক**

— ভারতের দীর্ঘতম ঝুলন্ত সেতু 'সুদর্শন সেতু'র উদ্বোধন।

**আন্তর্জাতিক ♦ ২৬.০২.২০২৪ | সোমবার**

— ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল মাখোঁ প্যারিসে ইউরোপের নেতাদের নিয়ে ইউক্রেন বিষয়ে সম্মেলন আয়োজন করেন।

— হাঙ্গেরির আইনসভায় সুইডেনের ন্যাটো সদস্য পদ অনুমোদন নিয়ে ভোট অনুষ্ঠিত।

## শীর্ষ সংবাদ

**২৭ জানুয়ারি** : বিশ্বের সবচেয়ে বড় প্রমোদতরী 'আইকন অব দ্য সিজ'-এর যাত্রা শুরু।

**৫ ফেব্রুয়ারি** : এজেন্সি টু ইনোভেট (a2i) প্রতিষ্ঠা করা হয়।

**১৫ ফেব্রুয়ারি** : টাকার সঙ্গে ডলার সোয়াপ ব্যবস্থা চালু করে বাংলাদেশ ব্যাংক।
: দেশের ইতিহাসে প্রথম GDP'র ত্রৈমাসিক হিসাব প্রকাশ।

**২১ ফেব্রুয়ারি** : বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের তৈরি 'উচ্চারণ', 'কথা' ও 'বর্ণ' সফটওয়্যারসহ 'পূর্ণ' নামের বাংলা ফন্ট উদ্বোধন।

**২২ ফেব্রুয়ারি** : প্রথম বেসরকারি মহাকাশযান হিসেবে চাঁদে অবতরণ করে Odysseus।

**২৬ ফেব্রুয়ারি** : সংযুক্ত আরব আমিরাতের আবুধাবিতে বিশ্ব বাণিজ্য সংস্থার মন্ত্রী পর্যায়ের ১৩তম সম্মেলন শুরু।

ভিয়েতনামের রাষ্ট্রীয় নাম Socialist Republic of Vietnam

# দৃষ্টিজুড়ে বাংলাদেশ ও বিশ্ব



## নব-নিযুক্ত

### বাংলাদেশ

**চেয়ারম্যান**

- পায়রা বন্দর কর্তৃপক্ষ : রিয়ার অ্যাডমিরাল আবদুল্লাহ আল মামুন চৌধুরী; দায়িত্ব গ্রহণ ২৫ জানুয়ারি ২০২৪।
- বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ : জাকারিয়া; নিয়োগ ৩০ জানুয়ারি ২০২৪।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ : মো. আবু তাহের; নিয়োগ ৩১ জানুয়ারি ২০২৪।

**মহাপরিচালক**

- জাতীয় পরিচয় নিবন্ধন (NID) অনুবিভাগ : ড. সৈয়দ মাসুম আহমেদ চৌধুরী; নিয়োগ ৩০ জানুয়ারি ২০২৪।
- বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) : মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী; দায়িত্ব গ্রহণ ৫ ফেব্রুয়ারি ২০২৪।
- খনিজসম্পদ উন্নয়ন ব্যুরো : মো. আবদুল কাইউম সরকার; নিয়োগ ৩০ জানুয়ারি ২০২৪।
- বাংলাদেশ কোস্টগার্ড : রিয়ার অ্যাডমিরাল মীর এরশাদ আলী; দায়িত্বগ্রহণ ৩১ জানুয়ারি ২০২৪।
- এনজিও বিষয়ক ব্যুরো : মো. সাইদুর রহমান; নিয়োগ ৫ ফেব্রুয়ারি ২০২৪।

**প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিয়োগ [২৮.০১.২৪]**

- ব্যক্তিগত চিকিৎসক : অধ্যাপক এ বি এম আবদুল্লাহ।
- বিশেষ সহকারী : নীলুফার আহমেদ, ফেরদৌস আহমেদ খান, শহীদ হোসাইন, বিপ্লব বড়ুয়া ও মশিউর রহমান (হুমায়ুন)।
- প্রটোকল অফিসার-২ (গ্রেড-৬) : আবু জাফর রাজু।

**বাংলাদেশে নিযুক্ত রাষ্ট্রদূত**

[পরিচয়পত্র পেশ ৩১ জানুয়ারি ২০২৪]

- বোতসোয়ানা : গিলবার্ট শিম্যান মেগল
- কম্বোডিয়া : কৈ কুয়াং
- চেক প্রজাতন্ত্র : ড. ইলিঙ্কা জিগোভা
- গাম্বিয়া : মুস্তাফা জাওয়ারা
- হাঙ্গেরি : ইস্তভান সাবো
- জ্যামাইকা : জেসন কে হল
- লুক্সেমবার্গ : পেগি ফ্রান্টজেন।

[পরিচয়পত্র পেশ ১ ফেব্রুয়ারি ২০২৪]

- মঙ্গোলিয়া : গ্যানবোল্ড দাম্বাজাভ
- উত্তর মেসিডোনিয়া : স্লোবোডান ইউজ্লাড
- পেরু : জ্যাভিয়ের ম্যানুয়েল পাউলিনিচ ভেলার্দ
- স্লোভাক প্রজাতন্ত্র : রবার্ট ম্যাক্সিয়ান
- স্লোভেনিয়া : মাতেজা ভোদেব ঘোষ
- উরুগুয়ে : আলবার্তো এ গুয়ানি
- ভেনেজুয়েলা : ক্যাপায়া রদ্রিগুয়েজ গঞ্জালেজ।

**বিবিধ**

- সংসদ সদস্য, নওগাঁ-২ : শহীদুজ্জামান সরকার।
- উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় : এয়ার ভাইস মার্শাল এ কে এম মনিরুল বাহার; নিয়োগ ২১ জানুয়ারি ২০২৪।
- মরিশাসে বাংলাদেশের হাইকমিশনার : জকি আহাদ; নিয়োগ ১৮ ফেব্রুয়ারি ২০২৪।

### আন্তর্জাতিক

**প্রেসিডেন্ট**

- গুয়াতেমালা : বানার্ড এরেভালো; দায়িত্ব গ্রহণ ১৫ জানুয়ারি ২০২৪
- লাইবেরিয়া : জোসেফ বোয়াকাই; দায়িত্ব গ্রহণ ২২ জানুয়ারি ২০২৪
- নামিবিয়ার : নাঙ্গোলো এমবুম্বা; দায়িত্ব গ্রহণ ৪ ফেব্রুয়ারি ২০২৪
- ফিনল্যান্ড : আলেক্সান্ডার স্টাব, দায়িত্ব গ্রহণ ১ মার্চ ২০২৪।

**প্রধানমন্ত্রী**

- শাদ : সকসেস মাসরা; দায়িত্ব গ্রহণ ১ জানুয়ারি ২০২৪।
- উত্তর মেসিডোনিয়া : তালাত জাফেরি; দায়িত্ব গ্রহণ ২৮ জানুয়ারি ২০২৪।
- ইয়েমেন : আহমেদ আওয়াদ বিন মোবারক; দায়িত্ব গ্রহণ ৫ ফেব্রুয়ারি ২০২৪।
- কাজাখস্তান : ওলজাস বেকটেনভ; দায়িত্ব গ্রহণ ৬ ফেব্রুয়ারি ২০২৪।
- জর্জিয়া : ইরাকলি কোবাখিদজে; দায়িত্ব গ্রহণ ৮ ফেব্রুয়ারি ২০২৪।

**বিবিধ**

- রাজা, মালয়েশিয়া : ইব্রাহিম সুলতান; দায়িত্ব গ্রহণ ৩১ জানুয়ারি ২০২৪।
- প্রেসিডেন্ট, আন্তর্জাতিক বিচার আদালত (ICJ) : নাওয়াফ সালাম (লেবানন); দায়িত্ব গ্রহণ ৬ ফেব্রুয়ারি ২০২৪।
- চেয়ারপারসন, আফ্রিকান ইউনিয়ন (AU) : মোহাম্মদ আউলদ গাজোয়ানি (মৌরিতানিয়া); দায়িত্ব গ্রহণ ১৭ ফেব্রুয়ারি ২০২৪।
- মুখ্যমন্ত্রী, ঝাড়খণ্ড (ভারত) : চম্পাই সরেন; দায়িত্ব গ্রহণ ২ ফেব্রুয়ারি ২০২৪।

## ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ৬ ভাষায় অসমাপ্ত আত্মজীবনী

বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' এবার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ৬ ভাষায় অনূদিত হয়। ২১ ফেব্রুয়ারি ২০২৪ এসব প্রকাশনার মোড়ক উন্মোচন করা হয়। বইগুলো প্রকাশে পৃষ্ঠপোষকতা করে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট। এ নিয়ে ২৩টি ভাষায় অসমাপ্ত আত্মজীবনীর অনুবাদগ্রন্থ প্রকাশিত হয়।

| ভাষা | অনুবাদক | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী |
|---|---|---|
| মারমা | নুথোয়াই মারমা | মারমা |
| আচিক | বাঁধন আরেং | গারো |
| সাদরি | যোগেন্দ্র নাথ | — |
| ককবরক | মথুরা বিকাশ ত্রিপুরা | ত্রিপুরা |
| চাকমা | আর্যমিত্র চাকমা | চাকমা |
| কুড়মালি | উজ্জ্বল মাহাতো | মাহাতো |



ভিয়েতনামের সরকারি ভাষা ভিয়েতনামি

# পদক-পুরস্কার

## মহাকবি মধুসূদন পদক

২৫ জানুয়ারি ২০২৪ কবি সুহিতা সুলতানাকে মহাকবি মধুসূদন পদক প্রদান করা হয়। মননশীল সাহিত্য প্রতিভার অধিকারী এ কবিকে তার 'শ্রেষ্ঠ কবিতা' কাব্যগ্রন্থের জন্য যশোর জেলা প্রশাসন কর্তৃক সৃজনশীল সাহিত্য (কবিতা) ক্যাটাগরিতে এ পদক দেওয়া হয়। পুরস্কার হিসেবে পান পদক, সনদপত্র ও এক লাখ টাকার চেক।

## খাদ্যের অস্কার

'অস্কার অব ফুড' বা খাদ্যের অস্কার হিসেবে পরিচিত 'জেমস বিয়ার্ড অ্যাওয়ার্ড'। রন্ধনশিল্পে শৈল্পিক নৈপুণ্য ও উদ্ভাবনে অবদানের জন্য যুক্তরাষ্ট্রে ১৯৯০ সাল থেকে জেমস বিয়ার্ড অ্যাওয়ার্ড দেওয়া হচ্ছে। এটি রন্ধনশিল্পের শ্রেষ্ঠত্বের জন্য একটি মানদণ্ড নির্ধারণ করে দিয়েছে। যারা রান্নার মান বজায় রাখার সঙ্গে সঙ্গে সহকর্মী ও কমিউনিটির ওপর ইতিবাচক এবং উল্লেখযোগ্য প্রভাব ফেলে, তাদেরকে এ পুরস্কার দেওয়া হয়। এবারের জেমস বিয়ার্ড ফাউন্ডেশন পুরস্কারের তালিকায় স্থান পান বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন শেফ নূর-ই গুলশান রহমান। মিড আটলান্টিক বিভাগে সেরা শেফ বা বাবুর্চির ক্যাটাগরিতে তালিকাভুক্ত হন ৬৫ বছর বয়সি নূর-ই গুলশান।

## একুশে পদক




জাতীয় পর্যায়ে অনন্য অবদানের স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে ১৯৭৬ সালে একুশে পদক প্রবর্তন করা হয়। একুশে পদকের আর্থিক মূল্যমান চার লক্ষ টাকা, আঠারো ক্যারেট মানের পঁয়ত্রিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক ও একটি সম্মাননাপত্র। ২০২৪ সালে একুশে পদক লাভ করেন ২১ জন ব্যক্তি। ১৩ ফেব্রুয়ারি ২০২৪ পুরস্কার জয়ীদের নাম ঘোষণা করা হয়।

**পুরস্কার বিজয়ী** ► ভাষা আন্দোলন : মৌ. আশরাফুদ্দীন আহমদ (মরণোত্তর), ▌ভাষা আন্দোলন : বীর মুক্তিযোদ্ধা হাতেম আলী মিয়া (মরণোত্তর) ▌শিল্পকলা (সংগীত) : জালাল উদ্দীন খাঁ (মরণোত্তর), বীর মুক্তিযোদ্ধা কল্যাণী ঘোষ, বিদিত লাল দাস (মরণোত্তর), এন্ড্রু কিশোর (মরণোত্তর), শুভ্র দেব ▌শিল্পকলা (নৃত্যকলা) : শিবলী মোহাম্মদ ▌শিল্পকলা (অভিনয়) : ডলি জহুর, এম. এ. আলমগীর ▌শিল্পকলা (আবৃত্তি) : খান মো. মুস্তাফা ওয়ালীদ (শিমুল মুস্তাফা), রূপা চক্রবর্তী ▌শিল্পকলা (চিত্রকলা) : শাহজাহান আহমেদ বিকাশ ▌শিল্পকলা (মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্যচিত্র নির্মাণ ও আর্কাইভিং) : কাওসার চৌধুরী ▌সমাজসেবা : মো. জিয়াউল হক, আলহাজ্ব রফিক আহামদ ▌ভাষা ও সাহিত্য : মুহাম্মদ সামাদ, লুৎফর রহমান রিটন, মিনার মনসুর, রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ (মরণোত্তর) ▌শিক্ষা : প্রফেসর ড. জিনবোধি ভিক্ষু।


## ভারতরত্ন

ভারতের সর্বোচ্চ নাগরিক সম্মাননা ভারতরত্ন। মানবিক কৃতিত্বের যেকোনো ক্ষেত্রে সর্বোচ্চ এ পুরস্কার দেওয়া হয়। ১৯৫৪ সালে তৎকালীন রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদের সময় থেকে এই সম্মান দেওয়া হয়। ১৯৫৪ সালে প্রথমবার ভারতরত্ন পান স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল চক্রবর্তী রাজাগোপালাচারী, বিজ্ঞানী



চন্দ্রশেখর ভেঙ্কটরামন এবং ড. সর্বপল্লী রাধাকৃষ্ণান। ২০২৪ সালে ভারতরত্নে ভূষিত হন বিজেপির প্রবীণ নেতা ও দেশের সাবেক উপপ্রধানমন্ত্রী লাল কৃষ্ণ আদভানি, বিহারের সাবেক মুখ্যমন্ত্রী কর্পূরী ঠাকুর (মরণোত্তর), সাবেক প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং (মরণোত্তর), সাবেক প্রধানমন্ত্রী পি ভি নরসিমা রাও (মরণোত্তর) এবং কৃষিবিজ্ঞানী এমএস স্বামীনাথন (মরণোত্তর)।

## পদ্ম সম্মাননা



১৯৫৪ সাল থেকে পদ্ম সম্মাননা প্রদান করে আসছে ভারত সরকার। ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা 'ভারতরত্ন'র পর অন্যতম সম্মান হলো পদ্ম পুরস্কার। সাহিত্য, সংস্কৃতি, বিজ্ঞান, ক্রীড়া, মানবসেবা ইত্যাদি বিষয়ে খ্যাতি অর্জন করা ও বিশিষ্ট সেবা প্রদানকারী ব্যক্তিকে ভারত সরকার প্রতিবছর তিন ধরনের পদ্ম সম্মাননা প্রদান করে। এগুলো হলো— পদ্মবিভূষণ, পদ্মভূষণ ও পদ্মশ্রী। ২৫ জানুয়ারি দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় ২০২৪ সালের পদ্ম সম্মাননা জয়ীদের নাম ঘোষণা করে। এবারের তালিকায় পদ্মবিভূষণে ৫ জন, পদ্মভূষণে ১৭ জন এবং পদ্মশ্রীতে ১১০ জনকে ভূষিত করা হয়। এর মধ্যে পদ্মশ্রী সম্মাননা লাভ করেন বাংলাদেশের রবীন্দ্রসংগীতশিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা।

### পদ্মজয়ী বাংলাদেশি

**পদ্মভূষণ**

১৯৬০ : কাজী নজরুল ইসলাম

২০১৪ : অধ্যাপক আনিসুজ্জামান

২০২০ : সৈয়দ মোয়াজ্জেম আলী

**পদ্মশ্রী**

২০১৩ : ঝর্ণা ধারা চৌধুরী

২০২০ : ড. এনামুল হক

২০২১ : সনজীদা খাতুন ও লেফটেন্যান্ট কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির বীরপ্রতীক

২০২৪ : রেজওয়ানা চৌধুরী বন্যা

ভিয়েতনামে কমিউনিস্ট এক-দলীয় রাষ্ট্র ব্যবস্থা বিদ্যমান

# রিপোর্ট-সমীক্ষা

## ওয়েবমেট্রিক্স র‍্যাংকিং

প্রকাশ : ৩১ জানুয়ারি ২০২৪ ❙ প্রকাশক : স্পেনের মাদ্রিদভিত্তিক শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান ওয়েবমেট্রিক্স।

তালিকায় বাংলাদেশের সেরা ৫ বিশ্ববিদ্যালয়

| | |
|---|---|
| ১১৪৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ১৪১১ | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় |
| ১৪৩৬ | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| ১৪৩৮ | শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় |
| ১৭৫৩ | নর্থ সাউথ ইউনিভার্সিটি বাংলাদেশ |

## বিশ্বের ধনী দেশ

প্রকাশ : ১৪ ফেব্রুয়ারি ২০২৪ ❙ প্রকাশক : আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF)।

- IMF'র শীর্ষ ধনী দেশের তালিকা দুই প্রকারের হয়— বার্ষিক ও ত্রৈমাসিক। এবারের তালিকা ত্রৈমাসিক।
- একটি দেশের অর্থনৈতিক উন্নয়ন পরিমাপের প্রধান সূচক হলো মোট দেশজ উৎপাদন বা জিডিপি। যা মূলত ঐ দেশের বার্ষিক পণ্য-পরিষেবা উন্নয়নের সামষ্টিক হিসাব। এই হিসাবকে দেশটির মোট জনসংখ্যা দিয়ে ভাগ করলে পাওয়া যায় ঐ দেশের মাথাপিছু আয়।

তালিকায় শীর্ষ ১০ দেশ

| দেশ | মাথাপিছু আয় (মা.ড.) | দেশ | মাথাপিছু আয় (মা.ড.) |
|---|---|---|---|
| লুক্সেমবার্গ | ১,৪০,৩১২ | আইসল্যান্ড | ৮৭, ৮৭৫ |
| আয়ারল্যান্ড | ১,১৭,৯৮৮ | কাতার | ৮৪, ৯০৬ |
| সুইজারল্যান্ড | ১,১০,২৫১ | যুক্তরাষ্ট্র | ৮৩, ৬৬ |
| নরওয়ে | ১,০২,৪৬৫ | ডেনমার্ক | ৭২, ৯৪০ |
| সিঙ্গাপুর | ৯১,৭৩৩ | ম্যাকাও | ৭০, ১৩৫ |

## বিশ্ব ভাষাচিত্র

প্রকাশ : ২১ ফেব্রুয়ারি ২০২৪ ❙ সংস্করণ : ২৭তম ❙ প্রকাশক : Ethnologue।

- বিশ্বে মোট ভাষার সংখ্যা ৭,১৬৪টি।

ব্যবহৃত শীর্ষ ১০ ভাষা

| ক্রম | নাম | সংখ্যা (মি.) | ক্রম | নাম | সংখ্যা (মি.) |
|---|---|---|---|---|---|
| ১ | ইংরেজি | ১,৫০০ | ৬ | আরবি | ২৭৪.০ |
| ২ | মান্দারিন | ১,১০০ | ৭ | বাংলা | ২৭২.৮ |
| ৩ | হিন্দি | ৬০৯.৫ | ৮ | পর্তুগিজ | ২৬৩.৬ |
| ৪ | স্প্যানিশ | ৫৫৯.১ | ৯ | রুশ | ২৫৫.০ |
| ৫ | ফরাসি | ৩০৯.৮ | ১০ | উর্দু | ২৩১.৭ |

## দুর্নীতি ধারণা সূচক ২০২৩

প্রকাশ : ৩০ জানুয়ারি ২০২৪ ❙ প্রকাশক : ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (TI) ❙ অন্তর্ভুক্ত দেশ : ১৮০টি।

সূচক অনুযায়ী—

- শীর্ষ দুর্নীতিগ্রস্ত দেশ : সোমালিয়া; স্কোর ১১।
- কম দুর্নীতিগ্রস্ত দেশ : ডেনমার্ক; স্কোর ৯০।

সার্কভুক্ত দেশের অবস্থান

| দেশ | ঊর্ধ্ব | নিম্ন | স্কোর |
|---|---|---|---|
| ভুটান | ২৬ | ৫৩ | ৬৮ |
| মালদ্বীপ | ৯৩ | ২৫ | ৩৯ |
| ভারত | ৯৩ | ২৫ | ৩৯ |
| নেপাল | ১০৮ | ২১ | ৩৫ |
| শ্রীলংকা | ১১৫ | ২০ | ৩৪ |
| পাকিস্তান | ১৩৩ | ১৫ | ২৯ |
| বাংলাদেশ | ১৪৯ | ১০ | ২৪ |
| আফগানিস্তান | ১৬২ | ৬ | ২০ |

## বাংলাদেশে বিদেশি নাগরিক

৬ ফেব্রুয়ারি ২০২৪ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (BIDA) সম্মেলনকক্ষে অনুষ্ঠিত 'কর্মানুমতি ছাড়া বাংলাদেশে অবস্থানরত বিদেশি নাগরিকদের বিষয়ে করণীয় নির্ধারণ' শীর্ষক বৈঠকে জানানো হয় ৩১ ডিসেম্বর পর্যন্ত বাংলাদেশে বসবাসকারী বিদেশি নাগরিকের সংখ্যা ছিল ১,০৭,১৬৭ জন। চার ধরনের ভিসায় তারা এ দেশে এসেছেন। এর মধ্যে ব্যবসা ও বিনিয়োগ শ্রেণির ভিসায় ১০,৪৮৫ জন, কর্মসংস্থান ভিসায় ১৪,৩৯৯ জন, শিক্ষা ভিসায় ৬,৮২৭ জন এবং পর্যটন ও অন্যান্য শ্রেণির ভিসায় ৭৫,৪৫৬ জন। তাদের মধ্যে ভারতীয় নাগরিক সবচেয়ে বেশি— ৩৭,৪৬৪ জন। দ্বিতীয় সর্বোচ্চ চীনের নাগরিক— ১১,৪০৪ জন।

## গণতন্ত্র সূচক

প্রকাশ : ১৫ ফেব্রুয়ারি ২০২৪ ❙ প্রকাশক : The Economist Intelligence Unit ❙ সূচকের শিরোনাম : Democracy Index 2023 ❙ অন্তর্ভুক্ত দেশ ও অঞ্চল : ১৬৭টি।

সূচক অনুযায়ী—

- শীর্ষ দেশ : নরওয়ে।
- সর্বনিম্ন দেশ : আফগানিস্তান।
- সার্কভুক্ত দেশের অবস্থান—
  ❙ ত্রুটিপূর্ণ গণতন্ত্র : ৪১. ভারত ও ৭০. শ্রীলংকা।
  ❙ হাইব্রিড রেজিম বা মিশ্র গণতন্ত্র : ৭৫. বাংলাদেশ, ৮১. ভুটান ও ৯৮. নেপাল।
  ❙ স্বৈরতন্ত্র : ১১৮. পাকিস্তান ও ১৬৭. আফগানিস্তান।

# বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্স

৩১ জানুয়ারি ২০২৪ বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্স (SVRS) ২০২২ এর চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)।

**জাতীয় জনসংখ্যা (জনশুমারি ২০২২-এর ভিত্তিতে প্রাক্কলিত)**

◆ **১ জুলাই ২০২২ পর্যন্ত :** ১৬৯.৮৩ মিলিয়ন ➤ পুরুষ : ৮৪.১৮ মিলিয়ন • মহিলা : ৮৫.৬৫ মিলিয়ন ▌বৃদ্ধির হার : ১.১২%।

◆ **১ জানুয়ারি ২০২৩ পর্যন্ত :** ১৭০.৮৪ মিলিয়ন ➤ পুরুষ : ৮৪.৬৮ মিলিয়ন • মহিলা : ৮৬.১৬ মিলিয়ন।

**ধর্মভিত্তিক জনসংখ্যা :** মুসলিম ৮৯.০% • অন্যান্য ১১.০%।

**জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার (RNI) :** ১.৪০%।

**জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিমি) :** ১,১৬৩ জন।

**নির্ভরশীলতার অনুপাত :** ৫২% ➤ পল্লি : ৫৪% • শহর : ৪৭%।

**আয়ুষ্কাল :** প্রত্যাশিত আয়ুষ্কাল : ৭২.৪ বছর ➤ পুরুষ : ৭০.৮ বছর • মহিলা : ৭৪.২ বছর।

**মরণশীলতা :** স্থূল মৃত্যুহার (প্রতি হাজারে) : ৫.৮ জন ➤ পল্লি : ৬.০ জন • শহর : ৫.৬ জন ▌এক বছরের নিচের বয়সি শিশু মৃত্যুহার (প্রতি হাজারে জীবিত জন্ম শিশুর বিপরীতে) : ২৪ জন ➤ ছেলে : ২৬ জন • মেয়ে : ২২ জন ▌এক মাসের কম বয়সি শিশু মৃত্যুহার (প্রতি হাজারে জীবিত জন্ম শিশুর বিপরীতে) : ১৬ জন ➤ ছেলে : ১৮ জন • মেয়ে : ১৫ জন ▌পাঁচ বছরের কম বয়সি শিশু মৃত্যুহার (প্রতি হাজারে জীবিত জন্ম শিশুর বিপরীতে) : ৩১ জন ➤ ছেলে : ৩৩ জন ও মেয়ে : ২৯ জন ▌মাতৃমৃত্যু অনুপাত (প্রতি লাখ জীবিত জন্ম শিশুর বিপরীতে) : ১৫৩ জন ➤ পল্লি : ১৫৭ জন • শহর : ১৩৫ জন।




**জন্ম-নিয়ন্ত্রণ (জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারের হার) :** জাতীয় : ৬৩.৩% ➤ পল্লি : ৬২.৯% • শহর : ৬৪.৩%।

**প্রজনন :** স্থূল জন্মহার (প্রতি হাজারে) ১৯.৮ জন ➤ পল্লি : ২০.৮ জন • শহর : ১৬.৬ জন ▌মোট প্রজনন হার (১৫-৪৯ বছর বয়সি) : ২.২০ ➤ পল্লি : ২.৩৭ • শহর : ১.৭১।

**স্থূল প্রতিবন্ধী (প্রতি হাজার জনসংখ্যায়) :** ২৫.৫।


**বৈবাহিক অবস্থা :** বিবাহের গড় বয়স ➤ পুরুষ : ২৫.৩ বছর • মহিলা : ১৮.৮ বছর।

**খানার বৈশিষ্ট্য :** খানার আকার : ৪.২ ▌খানা প্রধানের হার ➤ পুরুষ : ৮২.৬% • মহিলা : ১৭.৪%।

**বিদ্যুতের উৎস (%) :** জাতীয় গ্রিড : ৯৭.১৪ • সৌরবিদ্যুৎ : ২.০২ • অন্যান্য : ০.০৯ • বিদ্যুৎ নেই : ০.৭৫।

## বিভাগ ও জেলাওয়ারি সাক্ষরতার হার (৭ বছর+)

**সাক্ষরতার হার : ৭৬.৮%** ➤ পুরুষ : ৭৯.০% • নারী : ৭৪.৭% • পল্লি : ৭৪.৫% • শহর : ৮৪.১% ▶ শীর্ষ বিভাগ : বরিশাল ৮২.৬১% • সর্বনিম্ন বিভাগ : ময়মনসিংহ ৭১.৩৯% ▶ শীর্ষ জেলা : পিরোজপুর ৮৯.৮% • সর্বনিম্ন জেলা : বান্দরবান ৬০.৭% ▶ ১৫ বছর ও তদূর্ধ্ব ➤ ৭৪.৪% ➤ পুরুষ : ৭৭.৪% • নারী : ৭১.৫% • পল্লি : ৭১.৭% • শহর : ৮৩.০% • শীর্ষ জেলা : পিরোজপুর ৮৯.১% • সর্বনিম্ন জেলা : বান্দরবান ৫৪.৯%।



### ৬৪ জেলার সাক্ষরতার হার

| | |
|---|---|
| **ঢাকা বিভাগ** | |
| ঢাকা | ৮৪.৮ |
| গাজীপুর | ৮২.১ |
| ফরিদপুর | ৮১.২ |
| গোপালগঞ্জ | ৮০.৬ |
| নারায়ণগঞ্জ | ৭৯.৯ |
| শরীয়তপুর | ৭৯.০ |
| মুন্সীগঞ্জ | ৭৬.২ |
| রাজবাড়ী | ৭৫.৩ |
| মাদারীপুর | ৭৪.৯ |
| নরসিংদী | ৭৩.১ |
| মানিকগঞ্জ | ৭২.৫ |
| টাঙ্গাইল | ৭০.৯ |
| কিশোরগঞ্জ | ৭০.৩ |
| **রাজশাহী বিভাগ** | |
| জয়পুরহাট | ৮১.১ |
| রাজশাহী | ৭৬.৮ |
| চাঁপাইনবাবগঞ্জ | ৭৬.৫ |
| নওগাঁ | ৭৪.১ |
| নাটোর | ৭৪.০ |
| পাবনা | ৭৪.০ |
| বগুড়া | ৭২.৪ |
| সিরাজগঞ্জ | ৬৯.৯ |
| **চট্টগ্রাম বিভাগ** | |
| চট্টগ্রাম | ৮১.৭ |
| ফেনী | ৮০.২ |
| চাঁদপুর | ৭৮.৯ |
| কুমিল্লা | ৭৮.৯ |
| খাগড়াছড়ি | ৭৫.৯ |
| নোয়াখালী | ৭৫.৯ |
| লক্ষ্মীপুর | ৭৪.২ |
| ব্রাহ্মণবাড়িয়া | ৭৪.০ |
| কক্সবাজার | ৭২.৩ |
| রাঙ্গামাটি | ৭১.৮ |
| বান্দরবান | ৬০.৭ |
| **ময়মনসিংহ বিভাগ** | |
| ময়মনসিংহ | ৭৪.০ |
| নেত্রকোণা | ৭১.১ |
| শেরপুর | ৬৮.৩ |
| জামালপুর | ৬৭.৪ |
| **বরিশাল বিভাগ** | |
| পিরোজপুর | ৮৯.৮ |
| ঝালকাঠি | ৮৬.৯ |
| বরগুনা | ৮৫.০ |
| বরিশাল | ৮৪.৬ |
| পটুয়াখালী | ৮২.১ |
| ভোলা | ৭৩.৩ |
| **সিলেট বিভাগ** | |
| মৌলভীবাজার | ৭৭.৩ |
| হবিগঞ্জ | ৭৫.৮ |
| সিলেট | ৭৪.২ |
| সুনামগঞ্জ | ৭৩.২ |
| **খুলনা বিভাগ** | |
| বাগেরহাট | ৮৫.৯ |
| নড়াইল | ৮২.২ |
| খুলনা | ৮১.৪ |
| যশোর | ৭৯.৬ |
| মেহেরপুর | ৭৮.৬ |
| সাতক্ষীরা | ৭৭.৭ |
| চুয়াডাঙ্গা | ৭৬.১ |
| ঝিনাইদহ | ৭৫.৯ |
| মাগুরা | ৭৪.৮ |
| কুষ্টিয়া | ৭৩.৩ |
| **রংপুর বিভাগ** | |
| দিনাজপুর | ৮০.০ |
| ঠাকুরগাঁও | ৭৮.৩ |
| পঞ্চগড় | ৭৬.৯ |
| লালমনিরহাট | ৭৪.৩ |
| গাইবান্ধা | ৭৩.৮ |
| নীলফামারী | ৭৩.৭ |
| রংপুর | ৭২.৯ |
| কুড়িগ্রাম | ৭১.১ |

১৫ ফেব্রুয়ারি ২০২৪ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) ২০২২-২৩ অর্থ বছরের চূড়ান্ত এবং প্রথমবার ২০২৩-২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) ত্রৈমাসিক স্থূল দেশজ উৎপাদন (QGDP) এর হিসাব প্রকাশ করে। এছাড়া ২৫ জানুয়ারি ২০২৪ ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৩ এর ৪র্থ কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন প্রকাশ করে।

## GDP'র ত্রৈমাসিক হিসাব

### GDP ও প্রবৃদ্ধির হার

| নির্দেশক | ২০২১-২২ | | | | ২০২২-২৩ | | | | ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Q1 | Q2 | Q3 | Q4 | Q1 | Q2 | Q3 | Q4 | Q1 |
| চলতি মূল্যে GDP (মি. টাকা) | ৮,৮০৮,১৮২ | ৯,৮৮৭,২৫৬ | ১০,৪৪৫,৫৩৯ | ১০,৫৭৬,১৮৮ | ১০,০৩৮,৩৫৭ | ১১,১৩৬,৬৮৫ | ১১,২৬২,৫৮৫ | ১১,৯৫৫,১০৭ | ১১,৭৩৭,৭২৪ |
| স্থির মূল্যে GDP (মি. টাকা) | ৬,৯১৩,৪৭২ | ৭,৫৯১,৯৯৫ | ৭,৯৬৭,৩৫৭ | ৭,৮৭৮,৬৭৪ | ৭,৫১৯,১০১ | ৮,১৫৯,১১৪ | ৮,১৩১,৮৬২ | ৮,৩৭০,২৩৩ | ৭,৯৭৫,৩১৮ |
| স্থির মূল্যে প্রবৃদ্ধির হার (%) | ৫.১৬ | ৯.৬৫ | ১০.২৭ | ৩.৪৪ | ৮.৭৬ | ৭.৪৭ | ২.০৬ | ৬.২৪ | ৬.০৭ |

### স্থির মূল্যে প্রবৃদ্ধির হার

| খাত | ২০২১-২২ | | | | ২০২২-২৩ | | | | ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Q1 | Q2 | Q3 | Q4 | Q1 | Q2 | Q3 | Q4 | Q1 |
| কৃষি | ৩.৯৬ | ২.৩৩ | ২.৯৪ | ৩.১১ | ২.০৭ | ৩.৩১ | ১.১৪ | ৩.৪৭ | ০.৮৪ |
| শিল্প | ৭.৩৫ | ১৪.৫১ | ১৬.০০ | ১.৫৩ | ৭.১৭ | ৯.৮৪ | ৪.৬৭ | ১১.৪১ | ৯.৬৭ |
| সেবা | ৪.২৯ | ৭.৮৬ | ৭.৯২ | ৪.৯৭ | ১২.৮৭ | ৭.৭৮ | ১.১৩ | ২.৮৭ | ৩.৯৬ |

### স্থির মূল্যে প্রবৃদ্ধির অবদান

| খাত | ২০২১-২২ | | | | ২০২২-২৩ | | | | ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Q1 | Q2 | Q3 | Q4 | Q1 | Q2 | Q3 | Q4 | Q1 |
| কৃষি | ১১.৮৩ | ১২.৫৯ | ৯.৪৬ | ১২.৬৪ | ১১.০৩ | ১২.০৪ | ৯.৩৩ | ১২.৩৬ | ১০.৫২ |
| শিল্প | ৩৭.০৩ | ৩৭.৮১ | ৩৯.০৯ | ৩৩.৮১ | ৩৬.২৫ | ৩৮.৪৬ | ৩৯.৯১ | ৩৫.৫৯ | ৩৭.৬১ |
| সেবা | ৫১.১৪ | ৪৯.৬০ | ৫১.৪৬ | ৫৩.৫৫ | ৫২.৭৩ | ৪৯.৫১ | ৫০.৭৬ | ৫২.০৫ | ৫১.৮৭ |

## GDP'র চূড়ান্ত হিসাব

### GDP ও মাথাপিছু আয়

| ক্যাটাগরি | ২০২১-২২ | ২০২২-২৩ |
|---|---|---|
| GDP (মি. টাকা) | ৩৯,৭১৭,১৬৪ | ৪৪,৯০৮,৪১৭ |
| GNI (মি. টাকা) | ৪১,২৯০,৬২৪ | ৪৬,৭০০,৮০২ |
| GDP (বি. টাকা) | ৩৯,৭১৭ | ৪৪,৯০৮ |
| GNI (বি. টাকা) | ৪১,২৯১ | ৪৬,৭০১ |
| জনসংখ্যা (মিলিয়ন) | ১৭১.৩০ | ১৭০.৮৪ |
| মাথাপিছু GDP (টাকা) | ২৩১,৮৬১ | ২৬২,৮৬৮ |
| মাথাপিছু GNI (টাকা) | ২৪১,০৪৭ | ২৭৩,৩৬০ |

### অবদান ও প্রবৃদ্ধির হার

| খাত | অবদানের হার (%) | | প্রবৃদ্ধির হার (%) | |
|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| কৃষি | ১১.৬১ | ১১.৩০ | ৩.০৫ | ৩.৩৭ |
| শিল্প | ৩৬.৯২ | ৩৭.৬৫ | ৯.৮৬ | ৮.৩৭ |
| সেবা | ৫১.৪৮ | ৫১.০৫ | ৬.২৬ | ৫.৩৭ |
| সার্বিক GDP (উৎপাদন মূল্যে) | ১০০.০০ | ১০০.০০ | ৭.১০ | ৫.৭৮ |

## ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৩

| ক্যাটাগরি | | ২০২৩ ৪র্থ কোয়ার্টার | ২০২৩ সাময়িক | ২০২২ চূড়ান্ত |
|---|---|---|---|---|
| মিলিয়ন | শ্রমশক্তি | ৭৩.৪৬ | ৭৩.৪৫ | ৭৩.০৫ |
| | কর্মে নিয়োজিত | ৭১.১১ | ৭০.৯৮ | ৭০.৪৭ |
| | বেকার | ২.৩৫ | ২.৪৭ | ২.৫৮ |
| | শ্রমশক্তির বাহিরে | ৪৭.৩৬ | ৪৭.১৮ | ৪৬.৩২ |
| | যুব শ্রমশক্তি (১৫-২৯ বছর) | ২৬.২৮ | ২৬.৭৪ | ২৬.৮২ |
| বেকারত্বের (%) | | ৩.২০ | ৩.৩৬ | ৩.৫৩ |
| শ্রমশক্তিতে অংশগ্রহণকারী (%) | | ৬০.৮০ | ৬০.৮৯ | ৬১.২০ |

### সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠী (মিলিয়ন)

| খাত | ২০২৩ (৪র্থ কোয়ার্টার) | ২০২৩ (সাময়িক) | ২০২২ (চূড়ান্ত) |
|---|---|---|---|
| কৃষি | ৩১.৭৮ | ৩১.৫২ | ৩১.৯৮ |
| শিল্প | ১২.৪৯ | ১২.২৪ | ১১.৯৭ |
| সেবা | ২৬.৮৪ | ২৭.২২ | ২৬.৫২ |
| মোট | ৭১.১১ | ৭০.৯৮ | ৭০.৪৭ |

- মোট প্রাক্কলিত জনসংখ্যা ১৭২.৩৪ মিলিয়ন
- ১৫ ও তদূর্ধ্ব বয়সি কর্মক্ষম জনসংখ্যা ১২০.৮২ মিলিয়ন
- পুরুষ ৫৯.৮২ মিলিয়ন, মহিলা ৬১.০০ মিলিয়ন।

# দে শ জু ড়ে

## বাঘ রক্ষায় টিলা

প্রজনন পরিবেশ তৈরির মাধ্যমে বিপন্নের ঝুঁকিতে থাকা সুন্দরবনের বাঘের সংখ্যা বাড়াতে সেখানে ১২টি কৃত্রিম টিলা তৈরি করছে বন কর্তৃপক্ষ। এগুলোর নাম দেওয়া হয় 'বাঘের টিলা'। এগুলো শুধু বাঘকেই ভেসে যাওয়া থেকে সুরক্ষা দেবে না বরং বাঘ যেসব প্রাণি খেয়ে থাকে, তেমন ছয়টি প্রাণিকেও সুরক্ষা দেবে। ২৩ মার্চ ২০২২ সুন্দরবন বাঘ সংরক্ষণ প্রকল্পটির অনুমোদন দেয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। প্রকৃতিতে বর্তমান বিশ্বের ১৩টি দেশে বাঘের উপস্থিতি রয়েছে।

## পূর্ণাঙ্গরূপে পতেঙ্গা টার্মিনাল

২০২৪ সালের এপ্রিলে পুরোদমে চট্টগ্রাম বন্দরের পতেঙ্গা কনটেইনার টার্মিনাল (PCT) চালু হবে। টার্মিনালটি পরিচালনার দায়িত্ব পাওয়া সৌদি আরবভিত্তিক রেড সি গেটওয়ে টার্মিনাল (RSGT) এরই মধ্যে টার্মিনালটি চালুর প্রস্তুতি শুরু করে। এটি চালু হলে কনটেইনার হ্যান্ডলিং সক্ষমতা বাড়বে প্রায় পাঁচ লাখ টিইইউএস (২০ ফুট সমমানের কনটেইনার)। বন্দরের নিজস্ব অর্থায়নে ১,১৫০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয় পিসিটি। ৬ ডিসেম্বর ২০২৩ RSGT'র সঙ্গে এ বিষয়ে চুক্তি স্বাক্ষর হয়। ১৪ নভেম্বর ২০২৩ টার্মিনালটি উদ্বোধন করা হয়।

## বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৫০ বছর

বাংলাদেশ শিল্পকলা একাডেমি বাংলাদেশে সংস্কৃতিচর্চার একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। বাংলাদেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে শিল্পকলার চর্চা ও বিকাশের উদ্দেশ্যে ১৯ ফেব্রুয়ারি ১৯৭৪ একটি বিশেষ আইন দ্বারা এটি প্রতিষ্ঠিত হয়। একাডেমির প্রথম মহাপরিচালক ছিলেন ড. মুস্তাফা নূর-উল ইসলাম। বাংলাদেশ শিল্পকলা একাডেমি ছয়টি বিভাগ নিয়ে গঠিত। বিভাগগুলো হলো— চারুকলা বিভাগ, নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ, সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ, গবেষণা ও প্রকাশনা বিভাগ, প্রশিক্ষণ বিভাগ এবং প্রযোজনা বিভাগ। একাডেমির সর্বোচ্চ নির্বাহী কর্মকর্তা মহাপরিচালক। ১৯ ফেব্রুয়ারি ২০২৪ প্রতিষ্ঠানটির ৫০ বছর পূর্তি হয়।

## সুগন্ধা বিচ এখন বঙ্গবন্ধু বিচ

কক্সবাজারের দুটি সমুদ্র সৈকতের (বিচ) নাম পরিবর্তন করা হয়। এর মধ্যে বহুল পরিচিত সুগন্ধা বিচকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে 'বঙ্গবন্ধু বিচ' এবং অন্য বিচটি সুগন্ধা ও কলাতলীর মধ্যবর্তী স্থানটিকে মুক্তিযোদ্ধাদের নামে 'বীর মুক্তিযোদ্ধা বিচ' নামকরণ করা হয়। ১৯ ফেব্রুয়ারি ২০২৪ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

## এজেন্সি টু ইনোভেট প্রতিষ্ঠা

বাংলাদেশে জনবান্ধব সেবা ব্যবস্থার উন্নয়নে তথ্যপ্রযুক্তি-ভিত্তিক উদ্ভাবনী সংস্কৃতির বিকাশ এবং জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে এজেন্সি টু ইনোভেট (a2i) নামে একটি এজেন্সি প্রণয়নকল্পে ৫ জুলাই ২০২৩ 'এজেন্সি টু ইনোভেট বিল, ২০২৩' জাতীয় সংসদে পাস হয়। ১১ জুলাই ২০২৩ রাষ্ট্রপতি বিলে স্বাক্ষর করলে তা আইনে পরিণত হয়। এরপর ৫ ফেব্রুয়ারি ২০২৪ সরকার প্রজ্ঞাপন জারি করে 'এজেন্সি টু ইনোভেট' প্রতিষ্ঠা করে। ৬ ফেব্রুয়ারি ২০২৪ যা গেজেট আকারে প্রকাশ করা হয়। এজেন্সিটি হবে একটি সংবিধিবদ্ধ সংস্থা। এই সংস্থার ১৫ সদস্যের একটি পরিচালনা পর্ষদ থাকবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী হবেন এর সভাপতি।

### সর্বশেষ প্রতিষ্ঠিত কিছু প্রতিষ্ঠান

| নাম | প্রতিষ্ঠা | গেজেট প্রকাশ | যে মন্ত্রণালয়ের অধীন |
|---|---|---|---|
| এজেন্সি টু ইনোভেট (a2i) | ৫ ফেব্রুয়ারি ২০২৪ | ৬ ফেব্রুয়ারি ২০২৪ | ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় |
| বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন কাউন্সিল | ৩ জানুয়ারি ২০২৪ | ৬ জানুয়ারি ২০২৪ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমি | ১৮ সেপ্টেম্বর ২০২৩ | ১৮ সেপ্টেম্বর ২০২৩ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি | ১১ জুলাই ২০২৩ | ১১ জুলাই ২০২৩ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| জাতীয় পেনশন কর্তৃপক্ষ | ২ এপ্রিল ২০২৩ | ২ এপ্রিল ২০২৩ | অর্থ মন্ত্রণালয় |

# অর্থ-বাণিজ্য

## ব্যক্তিগত পেনশন বীমা পলিসি বন্ধ

জীবন বীমা কর্পোরেশনের (JBC) সবচেয়ে আকর্ষণীয় বীমা পলিসি ছিল 'ব্যক্তিগত পেনশন বীমা পলিসি।' যেকোনো শ্রেণি-পেশার মানুষের জন্য এ ব্যবস্থা চালু ছিল। কিন্তু সর্বজনীন পেনশন স্কিম চালু হওয়ায় ১ ডিসেম্বর ২০২৩ থেকে এটিকে বন্ধ করে দেওয়া হয়। এজেন্ট ও গ্রাহকদের লাভ হলেও পেনশন বীমা পলিসির কারণে সরকারের লোকসান হয়। এ পলিসির অন্যতম আকর্ষণীয় দিক ছিল গ্রাহকের অকাল মৃত্যুতে পরিবারের জন্য আর্থিক নিরাপত্তা প্রদান, যা অন্য কোনো সঞ্চয় পলিসির মাধ্যমেই সম্ভব নয়। এছাড়া ছিল মেয়াদপূর্তিতে পেনশনের টাকার ৫০% অথবা শতভাগ এককালীন তুলে নেওয়ার সুযোগ।

## টাকার সঙ্গে ডলার বিনিময় চালু

১৫ ফেব্রুয়ারি ২০২৪ টাকার সঙ্গে ডলার বিনিময় বা সোয়াপ ব্যবস্থা চালু করে বাংলাদেশ ব্যাংক। নতুন এ ব্যবস্থার ফলে বাণিজ্যিক ব্যাংকগুলো এখন থেকে বাংলাদেশ ব্যাংকের সঙ্গে বিনিময়ের সুবিধা পাবে। সর্বনিম্ন ৭ থেকে সর্বোচ্চ ৯০ দিনের জন্য টাকা-ডলার বিনিময় করা যাবে। বর্তমানে বাণিজ্যিক ব্যাংকগুলো নিজেদের প্রয়োজনে একে অপরের মধ্যে ডলার ও টাকার বিনিময় করে থাকে। এখন কেন্দ্রীয় ব্যাংকের সঙ্গেও এ সুবিধা চালু হলো।

## ITFC থেকে ঋণ

৭ ফেব্রুয়ারি ২০২৪ ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংকে (IDB) সহযোগী সংস্থা ইন্টারন্যাশনাল ইসলামিক ট্রে ফাইন্যান্স কর্পোরেশনের (ITFC) সঙ্গে ২১০ কোটি ডলারে একটি ঋণ চুক্তি করে বাংলাদেশের জ্বালানি ও খনিজ সম্প বিভাগ। এ চুক্তির আওতায় জ্বালানি তেল ও তরলীকৃ প্রাকৃতিক গ্যাস (LNG) আমদানি করবে বাংলাদেশ। ITFC' সঙ্গে এ ঋণ চুক্তিতে উল্লিখিত অর্থের ৭৬% অর্থের যোগা দেবে বাংলাদেশ ব্যাংক। এজন্য ঋণ তহবিলটিতে দেশে বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে জমা করতে হবে ১৬০ কোটি ডলার। আর ITFC'র কাছ থেকে পাওয়া যাবে বাকি ৫০ কোটি। প্রসঙ্গত, সদস্য মুসলিম দেশগুলোর জ্বালানি খাতে ঋণসহায়তা দিয়ে থাকে ITFC। এ ঋণ চুক্তির আওতায় ২০২৪-২৫ অর্থবছরে অপরিশোধিত জ্বালানি তেল ও LNG আমদানি ব্যয় মেটানো হবে। এ ঋণের সুদহার হবে সিকিউরড ওভারনাইট ফাইন্যান্সিং রেটের (SOFR) সঙ্গে ২% হারে।

## ব্যাংক পরিচালক নিয়োগে নতুন নির্দেশনা

বাংলাদেশ ব্যাংক ১৪ ফেব্রুয়ারি ২০২৪ ব্যাংক কোম্পানিতে স্বতন্ত্র পরিচালক নিয়োগ এবং তাদের দায়িত্ব, কর্তব্য ও সম্মানী প্রসঙ্গে পরিপত্র জারি করে। ব্যাংক কোম্পানির স্বতন্ত্র পরিচালক হতে ন্যূনতম বয়স ৪৫ ও সর্বোচ্চ ৭৫ বছর এবং ১০ বছরের ব্যবস্থাপনা, ব্যবসায়িক বা পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। পরিপত্রে পরিচালকের সংজ্ঞায় বলা হয়, ব্যাংক-কোম্পানি আইন অনুযায়ী, 'স্বতন্ত্র পরিচালক' বলতে সেই ব্যক্তিকে বোঝাবে, যিনি ব্যাংক-কোম্পানির ব্যবস্থাপনা ও শেয়ার ধারক হতে স্বাধীন এবং যিনি কেবল ব্যাংক-কোম্পানির স্বার্থে মতামত দেবেন।

## অর্থনীতির গতিশীলতায় PMI

দেশে পারচেজিং ম্যানেজারস ইনডেক্স (PMI) নামে অর্থনীতির গতিশীলতা নির্ণয়ে নতুন একটি সূচক চালু হবে। ৫ ফেব্রুয়ারি ২০২৪ ব্যবসায়ী সংগঠন মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (MCCI) ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পলিসি এক্সচেঞ্জ যৌথভাবে এ সূচক প্রকাশের উদ্যোগ নেয়। আর এতে সহযোগিতা করে যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট কার্যালয় (FCDO)। বিশ্বের প্রায় ৫০টি দেশে এ সূচক চালু রয়েছে।

■ **PMI সূচক :** কৃষি, নির্মাণ, উৎপাদন ও পরিষেবা— এ চার খাতের ৫০০টির বেশি বেসরকারি প্রতিষ্ঠানের নির্বাহীদের মতামতের ভিত্তিতে PMI সূচক প্রকাশ করা হয়। শুরুতে বাংলাদেশে প্রান্তিক ভিত্তিতে এবং পরে তা প্রকাশিত হবে প্রতি মাসে। সূচক তৈরির ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে পণ্যের ক্রয়াদেশ, মজুত, উৎপাদন, সরবরাহ পরিস্থিতি ও কর্মসংস্থানের বিষয়ে তথ্য নেওয়া হবে।

## বৈদেশিক লেনদেনে চীনা মুদ্রা

২৫ জানুয়ারি ২০২৪ চীনের ইউয়ানকে ব্যাংকিং লেনদেনে যুক্ত করতে ব্যাংকগুলোকে নির্দেশ দিয়ে প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ ব্যাংক। এরপর ৪ ফেব্রুয়ারি ২০২৪ থেকে আরটিজিএস ইউয়ান দিয়ে লেনদেন শুরু হয়। ২০১৮ সালের আগস্টে এক নির্দেশনায় চীনের সঙ্গে লেনদেন সহজ করতে ইউয়ান দিয়ে সরাসরি আমদানি ও রপ্তানি দায় নিষ্পত্তির জন্য ক্লিয়ারিং অ্যাকাউন্ট খোলার সুযোগ দেয় কেন্দ্রীয় ব্যাংক। বাংলাদেশ ব্যাংকে বৈদেশিক মুদ্রায় ক্লিয়ারিং কার্যক্রম আধুনিক, যুগোপযোগী ও তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির লক্ষ্যে ৪ সেপ্টেম্বর ২০২২ থেকে এফডিডির পরিবর্তে আরটিজিএস ব্যবস্থা চালু হয়। এর মাধ্যমে পাঁচটি বৈদেশিক মুদ্রায় (মার্কিন ডলার, পাউন্ড স্টার্লিং, ইউরো, জাপানিজ ইয়েন ও কানাডিয়ান ডলার) অটোমেটেড ক্লিয়ারিং কার্যক্রম শুরু হয়। এরই ধারাবাহিকতায় আরটিজিএস ব্যবস্থায় এখন ইউয়ানও অন্তর্ভুক্ত হলো।

# নবরূপে ঢাকা গেট

প্রায় ৪০০ বছরের পুরনো ঐতিহাসিক মুঘল স্থাপত্য ঢাকা গেট। বাংলার মুঘল সুবাহদার/গভর্নর মীর জুমলা ঢাকা শহরের সীমানা চিহ্নিতকরণ এবং মগ দস্যুদের আক্রমণ থেকে শহর ও শহরতলিকে রক্ষার জন্য প্রতিরক্ষা ব্যবস্থা হিসেবে এটি নির্মাণ করেন। তখন এটিই ছিল ঢাকার প্রবেশ পথ। সংস্কার শেষে ২৪ জানুয়ারি ২০২৪ নতুন করে উদ্বোধন করা হয় ঐতিহাসিক ঢাকা গেট।

## নামকরণ

ঢাকা গেট একটি ঐতিহাসিক মুঘল স্থাপনা। এ গেটটি মীর জুমলার গেট, ময়মনসিংহ গেট বা রমনা গেট নামেও পরিচিত। মুঘল আমলে বুড়িগঙ্গা নদী হয়ে ঢাকায় প্রবেশ করতে ব্যবহার করা হতো এ তোরণ। সেই সময় এর নাম ছিল 'মীর জুমলার গেট'। আবার কার্জন হলের কাছাকাছি ও পুরাতন হাইকোর্ট ভবনের পশ্চিমে ময়মনসিংহ রোডে গেটটি অবস্থিত। সে কারণেই এটি 'ময়মনসিংহ গেট' নামেও পরিচিতি পায়। এ গেট রমনায় প্রবেশ করার জন্য ব্যবহার করা হতো বলে পরে সাধারণ মানুষের কাছে এটি রমনা গেট নামেও পরিচিতি পায়। সরকারি গেজেট অনুযায়ী এ তোরণ ও আশপাশের এলাকার নাম 'মীর জুমলার গেট'।


## অবস্থান

ঢাকা গেটের অবস্থান ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় দোয়েল চত্বর থেকে বাংলা একাডেমির রাস্তায় তিন নেতার মাজারের সাথেই। এ গেটের তিনটি অংশের একটি রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবায়নযোগ্য শক্তি গবেষণা কেন্দ্রের দিকে, মাঝখানের অংশ পড়েছে রোড ডিভাইডারের মাঝে এবং অপর অংশটি রয়েছে সোহরাওয়ার্দী উদ্যানের দিকে তিন নেতার সমাধিসৌধের পাশে।

## নির্মাণের প্রেক্ষাপট


ঢাকা গেট ঠিক কবে, কারা, কী উদ্দেশ্যে নির্মাণ করে এ নিয়ে ইতিহাসবিদ ও প্রত্নতত্ত্ববিদদের মাঝে মতপার্থক্য রয়েছে। তবে বেশিরভাগেরই মত এটি মুঘল আমলে নির্মিত হয় মীর জুমলার হাত ধরে এবং তখন এটিই ছিল ঢাকার প্রবেশ পথ। ঢাকার সীমানা চিহ্নিত করতে এবং স্থলপথে শত্রুদের আক্রমণ থেকে রক্ষা করতে ১৬৬০-১৬৬৩ সালের মধ্যে ফটকটি নির্মাণ করেন মীর জুমলা।

## ঢাকা গেটের সংস্কার



মুঘলদের পতনের পর একসময় বাংলায় ব্রিটিশদের আগমন ঘটে। ১৮২৫ সালে ব্রিটিশ ম্যাজিস্ট্রেট চার্লস ডাউস প্রথমবার এটির সংস্কারের উদ্যোগ গ্রহণ করেন। ব্রিটিশদের দ্বারা নতুন করে সংস্কারের ফলে অনেকটা ইউরোপিয়ান আদল দেখা যায়। এরপর পাকিস্তান আমলেও আরেক দফা সংস্কার হয় ঢাকা গেট। তারপর দীর্ঘসময় অযত্ন, অবহেলায় থেকে প্রায় ধ্বংসের পথে ছিল প্রাচীন এ স্থাপত্য নিদর্শন। মেট্রোরেলের কাজ শুরুর পর আরও আড়ালে চলে যায় প্রায় ৪০০ বছরের পুরনো ঢাকার ঐতিহ্যের এ অংশটি। শেষ পর্যন্ত ২০২২ সালে ঢাকা গেট সংস্কারের উদ্যোগ নেয় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। ২০২৩ সালের মে মাসে সংস্কার কাজ শুরু হয়। ৮২,৪০,০০০ টাকার এ প্রকল্পের লক্ষ্য ছিল মীর জুমলার ফটককে পুরনো অবয়বে ফিরিয়ে আনা। দেশের প্রখ্যাত স্থপতি ও স্থাপত্য সংরক্ষণ বিশেষজ্ঞ অধ্যাপক ড. আবু সাঈদের নেতৃত্বে একদল বিশেষজ্ঞ গেটটির নতুন নকশা তৈরি করেন। সেই নকশার আদলেই সংস্কার করা হয়।

## বিবি মরিয়ম কামান



ঢাকা গেটের সঙ্গেই বসানো হয়েছে মুঘল আমলের একটি কামান। যা বিবি মরিয়ম কামান নামে পরিচিত। ঢাকা গেট সংস্কারের অংশ হিসেবে কামানটিকে এবার মীর জুমলার স্মৃতির পাশে একসঙ্গে রাখা হয়। ১১ ফুট দৈর্ঘ্যের বিশাল এ কামানটি নানা জায়গা ঘুরে ১৯৮৩ সাল থেকে ওসমানি উদ্যানে ছিল। বিবি মরিয়মকে বলা হয় ঢাকাবাসীর গর্বের ধন। সে সময় জলদস্যু দমনে ও ঢাকার প্রতিরক্ষাব্যবস্থা জোরদার করতে বেশ কিছু কামান তৈরি করা হয়। এর মধ্যে দুটি কামান ছিল বিখ্যাত। একটির নাম কালে খাঁ জমজম ও অন্যটি বিবি মরিয়ম। এ সংক্রান্ত বিভিন্ন লেখাপত্র থেকে জানা যায়, সম্রাট আওরঙ্গজেব ১৬৬০ সালে মীর জুমলাকে বাংলার সুবাহদার নিয়োগ দেন। তিনি ১৬৬১ সালে আসাম অভিযানের সময় যতগুলো কামান ব্যবহার করেন, সেগুলোর মধ্যে বিবি মরিয়ম ছিল সর্ববৃহৎ। ১৯২৫ সালে ঢাকা জাদুঘরের পরিচালক নলিনীকান্ত ভট্টশালীর উৎসাহে বিবি মরিয়মকে সদরঘাটে আনা হয়। এরপর ১৯৫৭ সালে ডিআইটির সভাপতি জিএ মাদানী তৎকালীন ডিআইটি অ্যাভিনিউ তথা গুলিস্থানে আনেন বিবি মরিয়মকে। সেখানে তিন যুগ অবস্থানের পর ১৯৮৩ সালে এটিকে ওসমানী উদ্যানে আনা হয়।



# অশান্ত মিয়ানমার

২০২০ সালে অনুষ্ঠিত নির্বাচনে কারচুপির অভিযোগ এনে ফেব্রুয়ারি ২০২১ মিয়ানমারে সেনা অভ্যুত্থান ঘটায় দেশটির প্রধান মিন অনং হ্লাই। সে থেকেই চলছে গণতন্ত্রকামী জনগ সাথে সেনাবাহিনীর সংঘাত। সম্প্রতি বাংলাদেশের পার্শ্ব রাখাইন রাজ্যে এ সংঘাত ভয়াবহ আকার ধারণ করে।

## ক্ষমতাধর সেনাবাহিনী

মিয়ানমারের সেনাবাহিনী রাষ্ট্রটির তুলনায় বেশি বয়স্ক। ১৯৪৭ সালে থাইল্যান্ডে এটি প্রতিষ্ঠা করা হয় এবং তখন এর নাম ছিল 'বার্মা ইন্ডিপেনডেন্স আর্মি'। দেশটির স্বাধীনতার জনক অং সান এটি প্রতিষ্ঠা করেন। মিয়ানমারের সেনাবাহিনী 'তাতমাদো' (Tatmadaw) নামেও পরিচিত। চার লাখের অধিক সেনা সদস্য নিয়ে দেশটির সেনাবাহিনী গঠিত। সর্বশেষ ১ ফেব্রুয়ারি ২০২১ সেনা অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতায় আসেন বর্তমান শাসক ও সেনাপ্রধান মিন অং হ্লাই। ২০০৮ সালে সামরিক জান্তার তৈরি করা সংবিধানে দেশটির পার্লামেন্টে সামরিক বাহিনীর জন্য ২৫% আসন বরাদ্দ, সামরিক বাহিনীকে ভেটো ক্ষমতা দেওয়া এবং সাংবিধানিক পরিবর্তন আনতে হলে সামরিক বাহিনীর অনুমোদনের বাধ্যবাধকতা দেওয়া হয়। এছাড়াও প্রতিরক্ষা, স্বরাষ্ট্র এবং সীমান্ত বিষয়ক মন্ত্রণালয় সামরিক বাহিনীর হাতে ন্যস্ত থাকে। তিনজনের মধ্যে একজন ভাইস প্রেসিডেন্ট সামরিক বাহিনীর হওয়া বাধ্যতামূলক করা এবং জাতীয় প্রতিরক্ষা ও নিরাপত্তা কাউন্সিলে সামরিক বাহিনীর সদস্যদের সংখ্যাগরিষ্ঠতা রাখার ব্যবস্থা করা হয়।

■ **বাহিনীতে নিয়োগে নতুন আইন**

মিয়ানমারের জান্তা বাহিনীর সঙ্গে সরকারবিরোধী ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীর সশস্ত্র বিদ্রোহীদের লড়াই চলছে। দেশটির বিভিন্ন অঞ্চল দখলে নিয়েছে তারা। বিদ্রোহীদের দমাতে হোঁচট খেয়ে ১০ ফেব্রুয়ারি ২০২৪ একটি আইন পাস করে জান্তা সরকার। ওই আইন অনুযায়ী ১৮-৩৫ বছর বয়সি পুরুষ ও ১৮-২৭ বছর বয়সি নারীদের বাধ্যতামূলকভাবে সামরিক বাহিনীতে যোগ দিতে হবে। তাদের সর্বোচ্চ দুই বছর বাহিনীতে দায়িত্ব পালন করতে হবে। তবে রাষ্ট্রে জরুরি অবস্থার সময় এটি পাঁচ বছরও হতে পারে। আইন অনুযায়ী সামরিক বাহিনীতে যোগ দিতে সক্ষম মিয়ানমারে এমন ১ কোটি ৪০ লাখ নাগরিক রয়েছেন। পরিকল্পনা অনুযায়ী, ২০২৪ সালের এপ্রিলে প্রথম ধাপে ৫,০০০ সদস্যকে সেনাবাহিনীতে যুক্ত করা হবে। গত পাঁচ বছরের মধ্যে যারা অবসরে গেছেন তাদেরও সেনাবাহিনীতে পুনরায় যোগ দিতে হবে।

## ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট

NUG বা ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট একটি বেসর প্রশাসন। সেনা অভ্যুত্থানের বিরোধী অ্যাক্টিভিস্ট ও রাজনীতি মিলে এটি গঠন করে। NUG'র পক্ষে মিয়ানমারে জনসম রয়েছে এবং ইউরোপীয় ইউনিয়ন এদেরকে স্বীকৃতি দিয়ে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, নরওয়ে, চেক রিপাবলিক, অস্ট্রে এবং দক্ষিণ কোরিয়ায় প্রতিনিধিত্বমূলক কার্যালয় র এদের। ইউনাইটেড ইন্সটিটিউট অব পিস এর তথ্য অনু কারেন, কাচিন, কারেন্নি ও শিন-এরা গণতান্ত্রিকভাবে নির্বা প্রশাসন ন্যাশনাল ইউনিটি গভর্নমে NUG'র সাথে সম্পৃক্ত। NU মিয়ানমারের এক ধরনের 'নির্বা সরকার'। অর্থাৎ, বিভিন্ন জাতি গোষ্ঠীর সমন্বয়ে এমন একটি সরক যারা রাষ্ট্র ক্ষমতায় না থাকলেও জ সরকারের বিরোধীপক্ষ হিসেবে ক করছে। আগে নির্বাচিত সরকারের কিছু সংসদ সদস্য আইনপ্রণেতা মিলে ২০২১ সালে সেনা অভ্যুত্থানের পরিপ্রেক্ষি এই সরকার গঠন করে।'

- গঠন : ১৬ এপ্রিল ২০২১
- প্রেসিডেন্ট : দুয়া লাশি লা (ভারপ্রাপ্ত)
- প্রধানমন্ত্রী : মাহন উইন খাইং থান
- মন্ত্রীর সংখ্যা : ২৮

■ **পিপলস ডিফেন্স ফোর্স** : মিয়ানমারের জাতীয় ঐ সরকারের (NUG) সশস্ত্র শাখা। এটির সাথে দেশ বিভিন্ন রাজ্যের ৩০ এর অধিক বিদ্রোহী গ্রুপ যুক্ত রয়ে ৫ মে ২০২১ PDF গঠন করা হয়। প্রতিষ্ঠাতা প্রধান ই এবং এর সৈন্য সংখ্যা : ৬৫ হাজারেরও বেশি।

■ **লোকাল ডিফেন্স ফোর্স** : মিয়ানমারে ২০২২ সালের এপ্রি পর্যন্ত ৪০১টি লোকাল ডিফেন্স ফোর্স-(LDF) সক্রিয় রয়ে এর মধ্যে ৩৫৪টি NUG এর সাথে আনুষ্ঠানিকভাবে যে দিয়েছে। একশটি দল যোগ দেয় PDF'র সাথে। অ অন্যগুলো PDT এর সাথে যুক্ত হয়। স্থানীয় এসব প্রতির বাহিনীর মধ্যে বেশিরভাগই ২০২১ সালের মার্চের পর গঠি হয়েছে। LDF এর অধীনে প্রায় ৩০,০০০ সেনা রয়েছে LDF মূলত সাম্প্রদায়িক এবং ডায়াসপোরা জনগোষ্ঠী দেওয়া তহবিলের মাধ্যমে অর্থায়ন করে থাকে।

■ **পিপলস ডিফেন্স টিম** : পিপলস ডিফেন্স টিম গঠন ক ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট। এরা মূলত শহরাঞ্চলে গেরি যুদ্ধ পরিচালনা করে। তবে বর্তমানে এরা গ্রামীণ এলাকাতে ছড়িয়ে পড়ছে। NUG'র তথ্য অনুযায়ী, ৩৩০টি শহরে মধ্যে ২৫০টি শহরে PDT গঠন করা হয়। বিশেষ ক সাগাইং এবং মাগওয়ে এলাকায় এদের তৎপরতা বেশি।

উত্তর ভিয়েতনাম এবং দক্ষিণ ভিয়েতনাম একত্রিত হয় ১৯৭৬ সালে

## থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স




মিয়ানমারে বিদ্রোহী গ্রুপগুলো এর আগে বিচ্ছিন্নভাবে জান্তাবিরোধী হামলা চালায়। কিন্তু ২০২৩ সালের অক্টোবরে বিদ্রোহীদের তিনটি নৃতাত্ত্বিক সশস্ত্র সংগঠন— তা'য়াং ন্যাশনাল লিবারেশন আর্মি (TNLA), আরাকান আর্মি (AA) এবং মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স (MNDA) মিলে 'ব্রাদারহুড অ্যালায়েন্স' নামে একটি জোট গঠন করে। এই থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স বা মিয়ানমারের সশস্ত্র এথনিক আর্মড গ্রুপগুলোর যে কোয়ালিশন তৈরি হয় সেটা মূলত NUC'র ছত্রছায়ায় বা NUC'র সমর্থনে। আবার NUG ও তাদের সমর্থন পাচ্ছে।

■ **আরাকান আর্মি** : প্রধানত রাখাইন রাজ্য (আরাকান) ভিত্তিক ইউনাইটেড লীগ অব আরাকান (ULA) এর সামরিক শাখা। এটি প্রধানত বৌদ্ধ ধর্মাবলম্বীদের সংগঠন। বর্তমানে মিয়ানমারে এরা সবচেয়ে বেশি অস্ত্রের অধিকারী বিদ্রোহী গোষ্ঠী। আরাকান আর্মির মধ্যে অনেক রোহিঙ্গা বিদ্রোহীও অন্তর্ভুক্ত রয়েছে। থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্সের মধ্যে এটিই সবচেয়ে বড় এবং প্রশিক্ষিত সশস্ত্র গোষ্ঠী।
প্রতিষ্ঠা : ১০ এপ্রিল ২০০৯ • প্রধান : মেজর জেনারেল তুন মিয়াত নাইং • সদর দপ্তর : লাইজা, কাচিন রাজ্য (বর্তমান) • সক্রিয়তার অঞ্চল : চিন রাজ্য, কাচিন রাজ্য, রাখাইন রাজ্য, শান রাজ্য, বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত • সৈন্য সংখ্যা : ৩০,০০০+।

### অপারেশন ১০২৭

থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স ২৭ অক্টোবর ২০২৩ থেকে অনেক প্রদেশে তাতমাদো'র সেনা চৌকিগুলোতে হামলা চালায়। হামলার দিনকে স্মরণীয় রাখতে তারা অভিযানের নাম দেয় 'অপারেশন ১০২৭' (Operation 1027)। পরবর্তীতে পিডিএফসহ অনেক বিদ্রোহী গোষ্ঠী এ অপারেশনে অংশ নেয়। সামরিক জান্তার হাত থেকে পুরো মিয়ানমার মুক্ত না হওয়া পর্যন্ত 'অপারেশন ১০২৭' চালিয়ে যাওয়ার ঘোষণা দেয় বিদ্রোহীরা।

■ **তা'য়াং ন্যাশনাল লিবারেশন আর্মি** : এটি মিয়ানমারের শান স্টেট কেন্দ্রীক রাজনৈতিক দল পালাউং স্টেট লিবারেশন ফ্রন্ট (PSLF) এর সশস্ত্র শাখা।
প্রতিষ্ঠা : ২০০৯ সালে • চেয়ারম্যান : তার এইক বং (Tar Aik Bong) • সদর দপ্তর : নামহসান, শান স্টেট, মিয়ানমার • সৈন্য সংখ্যা : ১০০০০-১৫০০০।

■ **মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি** : চীন সীমান্তের উত্তরাঞ্চলের শান রাজ্যে পরিচালিত হয় মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি (MNDAA)। তারা স্থানীয় কোকাং জাতিগোষ্ঠীর স্বায়ত্তশাসনের জন্য লড়ছে। এটি বার্মিজ সরকারের সাথে যুদ্ধবিরতি চুক্তি স্বাক্ষরকারী প্রথম সশস্ত্র সংগঠন।
প্রতিষ্ঠা : ১২ মার্চ ১৯৮৯ • প্রধান : ফেউং ডেক্সুন • সৈন্য সংখ্যা : প্রায় ১০০০০ • সক্রিয় অঞ্চল : কোকাং, শান স্টেট, মিয়ানমার।

## আরও যেসব বিদ্রোহী গোষ্ঠী

■ **ওয়া** : ওয়া হচ্ছে একটি শক্তিশালী বিদ্রোহী গোষ্ঠী যাদের অত্যাধুনিক অস্ত্র ও ২০-৩০ হাজারের মতো সেনা রয়েছে। এদের সমর্থন দেয় চীন। ১৯৮৯ সালে তারা মিয়ানমারের সামরিক বাহিনীর সাথে একটি অস্ত্রবিরতি চুক্তি স্বাক্ষর করে। এরপর থেকে তারা সাধারণত সশস্ত্র সংঘাত এড়িয়ে চলে।

■ **চিন জাতিগোষ্ঠী** : ভারতের সাথে সীমান্ত এলাকায় চিন জাতিগোষ্ঠীর অবস্থান। তারা তাদের রাজ্যে বেশ প্রভাবশালী এবং সম্প্রতি তারা রিখাওদার নামে সীমান্ত শহর দখল করে নেয়।

■ **কারেন ন্যাশনাল ইউনিয়ন** : মিয়ানমারের দক্ষিণ-পূর্বাঞ্চলের জাতিগত বিদ্রোহী গোষ্ঠী কারেন ন্যাশনাল ইউনিয়ন। তারা থাইল্যান্ড সীমান্তে গুরুত্বপূর্ণ বাণিজ্য রুটগুলোতে থাকা সামরিক অবস্থান লক্ষ্য করে অভিযান জোরদার করেছে। সর্ব দক্ষিণের রাজ্য তানিথারিতে বর্তমানে সামরিক বাহিনীকে লক্ষ্য করে নিয়মিত হামলা চালানো হয়।

■ **কারেন্নি বিদ্রোহী গোষ্ঠী** : থাইল্যান্ড সীমান্তের কায়াহ রাজ্যে কারেন্নি নৃগোষ্ঠীর সশস্ত্র বাহিনী রাজ্যটির বেশিরভাগ অংশ নিয়ন্ত্রণ করে। তারা রাজ্যের প্রধান শহর লইকাও দখলে নিতে হামলা চালিয়ে যাচ্ছে এবং শহরটির বাইরে থাকা একটি বিশ্ববিদ্যালয় এরই মধ্যে দখল করে নিয়েছে।

## সাম্প্রতিক পরিস্থিতি

হাজার বছর ধরে মিয়ানমারকে বিভিন্ন জাতিগোষ্ঠী শাসন করেছে। তবে দেশটি ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের অধীনে ছিল ১২৪ বছর (১৮২৪-১৯৪৮)। ইতিহাস থেকে জানা যায়, মিয়ানমার মাত্র ১২ বছর বেসামরিক প্রশাসনের অধীনে ছিল। বাকি সময় সামরিক সরকার দেশটি শাসন করে। ১৯৬২ সালে দেশটিতে প্রথম সেনা অভ্যুত্থান ঘটে। বর্তমানে সামরিক সরকার 'পূর্ণ নিয়ন্ত্রণ' করছে মাত্র ১৭% ভূখণ্ড, ২৩% ভূখণ্ড নিয়ে দ্বন্দ্ব রয়েছে এবং বিদ্রোহী গোষ্ঠীদের দখলে রয়েছে ৫২%-এর মতো ভূখণ্ড। সামরিক বাহিনী এর মধ্যে চিন, সাকাই, কিয়াং প্রদেশ এবং উত্তরাঞ্চলের শান এবং শিন রাজ্য ছেড়ে দেয়। ১৩ নভেম্বর ২০২৩ রাখাইনে আরাকান আর্মির অভিযানের উত্তাপ এসে পড়ে বাংলাদেশ সীমান্তে। এ সময়ে বিদ্রোহীদের আক্রমণে টিকতে না পেরে মিয়ানমারের শত শত সীমান্তরক্ষী বাহিনী বিজিপি এবং সেনাবাহিনীর সদস্যরা বাংলাদেশে প্রবেশ করে।

# আকাশ-মহাকাশ

## মহাকাশে থাকার রেকর্ড

রাশিয়ার নভোচারী ওলেগ কোনোনেঙ্কো মহাকাশযানে অবস্থানের নতুন রেকর্ড গড়েন। ৪ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত তিনি প্রায় আড়াই বছর মহাকাশযানে কাটান। ৫৯ বছর বয়সি কোনোনেঙ্কোর সর্বোচ্চ সময় মহাকাশে থাকার রেকর্ড গড়েন। এর আগে আরেক রুশ নভোচারী গেনাদি পাদাল্কা ৮৭৮ দিন, ১১ ঘণ্টা, ২৯ মিনিট, ৪৮ সেকেন্ড মহাকাশে থাকার রেকর্ড করেন। গেনাদি ২০১৭ সালে অবসরে যান। কোনোনেঙ্কো রাশিয়ার মহাকাশ সংস্থা রোসকসমস কসমোনাট কর্পোরেশনের কমান্ডার। ৭ নভেম্বর ২০২৩ পর্যন্ত, মোট ৬৭৬ জন নভোচারী মহাকাশে ভ্রমণ করেন।



## পুনরায় চন্দ্রযাত্রায় মার্কিনযান

অ্যাপোলো মিশনের সাফল্যের ৫০ বছর পর আবারও চাঁদের উদ্দেশ্যে যাত্রা শুরু করে যুক্তরাষ্ট্রের চন্দ্রযান। তবে এবার এ অভিযান পরিচালনা করে একটি বেসরকারি প্রতিষ্ঠান। ১৫ ফেব্রুয়ারি ২০২৪ ফ্লোরিডার কেপ কেনাভেরালে নাসার কেনেডি স্পেস সেন্টার থেকে ইলন মাস্কের স্পেস এক্সের একটি ফ্যালকন-৯ রকেটে এ যাত্রা শুরু করে। হাউস্টনভিত্তিক মহাকাশ গবেষণা কোম্পানি ইনিশিয়েটিভ মেশিনজ 'আইএম-১' নামে এ মিশন পরিচালনা করে। এর ল্যান্ডারের নাম দেওয়া হয় মহাকবি হোমারের 'দ্য ওডিসি' মহাকাব্যের নায়কের নামানুসারে ওডিসিউস। ১৯৬৯ সালে যুক্তরাষ্ট্রের অ্যাপোলো-১১ চন্দ্রযানে প্রথমবারের মতো মানুষ নিয়ে চাঁদে অবতরণ করে।

## রোবট দিয়ে অস্ত্রোপচার

১০ ফেব্রুয়ারি ২০২৪ শূন্য অভিকর্ষে এই প্রথম রো মহাকাশে অস্ত্রোপচার করেন বিজ্ঞানীরা। পৃথিবী অস্ত্রোপচারে এ রোবট পরিচালনা করা হয়। এটি ' বা মিনিয়েচারাইজড ইন ভিভো অ্যাসিস্ট্যান্ট পরিচিত। এটি মূলত ছোট আকারের একটি সা রোবট। পৃথিবীর মাটি থেকে প্রায় ৪০০ কিলোমিটার মহাশূন্যে অবস্থিত ঘূর্ণায়মান একটি গবেষণাগারে অস্ত্রে সম্পন্ন করে মিরা। যুক্তরাষ্ট্রের নেব্রাস্কার লিনকন একদল গবেষক এ অস্ত্রোপচারে নির্দেশনা দেন।

## মঙ্গলে নাসার অভিযান শেষ

পৃথিবীর বাইরে অন্য কোনো গ্রহে ওড়া প্রথম 'ইনজেনুই হেলিকপ্টার' রক্তিম গ্রহ মঙ্গলে তিন বছর ধরে অভিযান হেলিকপ্টারটি মঙ্গলে পাঠানো হয় নাসার 'পারসি রোভারের সঙ্গে। ১৯ এপ্রিল ২০২১ এটি প্রথম আকাশে নাসার প্রাথমিক উদ্দেশ্য ছিল হেলিকপ্টারটি মঙ্গলে ওড়ানো। তবে শেষ পর্যন্ত সফলভাবে ইনজেনুইটিকে ৭২ বার ওড়াতে সক্ষম হয়। ১৮ জানুয়ারি ২০২৪ ইনজেনুইটিকে সর্বশেষ আকাশে ওড়ানো হয়। অবতরণের আগে ভূমি থেকে প্রায় তিন ফুট ওপরে হঠাৎ সেটির সঙ্গে সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। ২৫ জ ২০২৪ নাসা জানায় হেলিকপ্টারটির পাখা ক্ষতিগ্রস্ত সেটি আর কাজ করছে না। এদিকে ইনজেনুইটি আরেকটি হেলিকপ্টার মহাকাশে পাঠাবে নাসা। সেটি দেওয়া হয় 'ড্রাগনফ্লাই'। ২০২৮ সালে পার শক্তিচালিত এ হেলিকপ্টারটি পাঠানো হবে শনি গ্রহে



## জাপানে পরবর্তী প্রজন্মের রকেট উৎক্ষেপণ

১৭ ফেব্রুয়ারি ২০২৪ কাগোশিমা প্রিফেকচারের তানেগাশিমার দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় দ্বীপের তানে মহাকাশকেন্দ্র থেকে পরবর্তী প্রজন্মের রকেট উৎক্ষেপণ করা হয়। এর আগে দুবার টোকিও এ রকেট উৎ ব্যর্থ হলেও এবার সফল হয়। এটি উৎক্ষেপণের মাধ্যমে টানা দ্বিতীয়বারের মতো মহাকাশে রকেট পাঠানোর



গড়ে জাপান অ্যারোস্পেস এক্সপ্লোরেশন এজেন্সি (JA JAXA এবং মিতসুবিশি হেভি ইন্ডাস্ট্রির যৌথভাবে তৈরি এইচ-৩ রকেট হলো এইচ-২এ লঞ্চ সিস্টেমের উত্তরসূ ২০০১ সালে উদ্ভাবন করা হয়। রকেটটি দুর্যোগ প্রতি অবদান রাখবে। ২০ জানুয়ারি ২০২৪ জাপানের চন্দ্রযান ল্যান্ডার ফর ইনভেস্টিগেটিং মুন বা 'মুন স্লাইপার' সফল চাঁদে অবতরণ করে। উৎক্ষেপিত চন্দ্রযানটির সৌর ব্যাটারি ঠিকমতো কাজ না করায়। এমনকি সঞ্চিত বিদ্যুৎশক্তিগুলোও ফুরিয়ে আসছিল। এরপর যন্ত্রটির সঙ্গে যোগা হারিয়ে ফেলে JAXA। ২৯ জানুয়ারি ২০২৪ পুনরায় নতুন করে প্রাণ ফিরে পায় জাপানের এ চন্দ্রযান। উ যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন, ভারতের পর সর্বশেষ জাপানই সফলভাবে চন্দ্রযান অভিযান চালায়।

# খেলাধুলা

## ICC অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ



আয়োজন : ১৫তম • আয়োজক : আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) • সময়কাল : ১৯ জানুয়ারি-১১ ফেব্রুয়ারি ২০২৪ • স্বাগতিক : দক্ষিণ আফ্রিকা • অংশগ্রহণকারী দল : ১৬টি • মোট ম্যাচ : ৪১টি • চ্যাম্পিয়ন : অস্ট্রেলিয়া • রানার্স আপ : ভারত • সর্বোচ্চ রান : উদয় সরণ (ভারত ); ৩৯৭ • সর্বোচ্চ উইকেট : কেউইনা মাফাকা (দক্ষিণ আফ্রিকা); ২১টি • ম্যান অব দ্য টুর্নামেন্ট : কেউইনা মাফাকা (দক্ষিণ আফ্রিকা)।



## সানজিদার ইতিহাস

৩০ জানুয়ারি ২০২৪ ভারতীয় নারী ফুটবল লিগে ঐতিহ্যবাহী ইস্টবেঙ্গলের জার্সিতে অভিষেক হয় বাংলাদেশের নারী ফুটবলার সানজিদা আক্তারের। ঘরের মাঠে ইস্টবেঙ্গল খেলে স্পোর্টস ওড়িশার বিপক্ষে। ১৯৮৬ সালে বাংলাদেশি ফুটবলারদের প্রথম পা পড়ে ইস্টবেঙ্গল ক্লাবে। সে সময় লাল-হলুদ দলে ডুরান্ড কাপে খেলেন ওয়াসিম ইকবাল ও শেখ মোহাম্মদ আসলাম। ইস্টবেঙ্গল নারী ফুটবল দলে প্রথম বিদেশি সানজিদা। চলতি লিগে খেলছেন বাংলাদেশ অধিনায়ক সাবিনা খাতুনও। তিনি খেলছেন কিকস্টার্ট এফসিতে।

## এএফসি কাপ ২০২৩

আয়োজন : ১৮তম • আয়োজক : Asian Football Confederation (AFC) • সময়কাল : ১২ জানুয়ারি-১০ ফেব্রুয়ারি ২০২৪ • স্বাগতিক : কাতার • ভেন্যু : ৯টি (৫টি শহরে) • অংশগ্রহণকারী দল : ২৪টি • মোট ম্যাচ : ৫১টি • চ্যাম্পিয়ন : কাতার • রানার্স আপ : জর্ডান • সর্বোচ্চ গোলদাতা : আকরাম আফিফ (কাতার); ৮টি • সেরা গোলরক্ষক : মিশাল বারশাম (কাতার) • সেরা খেলোয়াড় : আকরাম আফিফ (কাতার • ফেয়ার প্লে ট্রফি : কাতার।


## বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন

বাংলাদেশ সেনাবাহিনীর সার্বিক তত্ত্বাবধানে ২৬ জানুয়ারি ২০২৪ ঢাকাস্থ 'বানৌজা শেখ মুজিব' ঘাঁটিতে অনুষ্ঠিত হয় 'বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২৪'। প্রতিবছর জানুয়ারি মাসে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন স্মরণে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথনের আয়োজন করা হয়। ম্যারাথনটি সকাল ৫টায় বানৌজা শেখ মুজিব, শেখ হাসিনা সরণি থেকে শুরু হয়ে তিনশো ফিট রাস্তা দিয়ে কাঞ্চন ব্রিজ হয়ে ফিরতি একই রাস্তায় দিয়ে শেখ হাসিনা সরণিতে শেষ হয়। ম্যারাথনে ৫৯ জন বিদেশি নারী ও পুরুষ দৌড়বিদ ফুল ম্যারাথন (৪২.১৯৫ কিমি) ক্যাটাগরিতে অংশগ্রহণ করেন। আর ৫,৮০৬ বাংলাদেশি ম্যারাথনার ফুল ও হাফ ম্যারাথনে (২১.০৯৭ কিমি) অংশগ্রহণ করেন।

## BCB'র কেন্দ্রীয় চুক্তিতে

টেস্ট, ওয়ানডে ও টি২০ : সাকিব আল হাসান, লিটন কুমার দাস, মেহেদী হাসান মিরাজ, নাজমুল হোসেন শান্ত, শরিফুল ইসলাম
টেস্ট ও ওয়ানডে : মুশফিকুর রহিম
টেস্ট : মুমিনুল হক সৌরভ, তাইজুল ইসলাম, জাকির হাসান, মাহমুদুল হাসান জয়, সৈয়দ খালেদ আহমেদ, নাঈম হাসান।
ওয়ানডে : মাহমুদুল্লাহ রিয়াদ, তানজিম হাসান সাকিব।
ওয়ানডে ও টি২০ : তাসকিন আহমেদ, তাওহীদ হৃদয়, মুস্তাফিজুর রহমান, হাসান মাহমুদ।
টি২০ : নাসুম আহমেদ, শেখ মেহেদি হাসান, নুরুল হাসান সোহান।

## আফ্রিকান নেশন্স কাপ ২০২৩



আয়োজন : ৩৪তম • আয়োজক : আফ্রিকান ফুটবল কনফেডারেশন • সময়কাল : ১৩ জানুয়ারি-১১ ফেব্রুয়ারি ২০২৪ • স্বাগতিক : আইভোরিকোস্ট • ভেন্যু: ৬টি • অংশগ্রহণকারী দল : ২৪টি • মোট ম্যাচ : ৫২টি • চ্যাম্পিয়ন : আইভোরিকোস্ট (৩য় বার) • রানার্স আপ : নাইজেরিয়া • সর্বোচ্চ গোলদাতা : এমিলিও সুয়াই (নিরিক্ষীয় গিনি) • সেরা খেলোয়াড় : উইলিয়াম ট্রস্ট-একং (নাইজেরিয়া) • সেরা গোলরক্ষক : রনওয়েন উইলিয়ামস (দক্ষিণ আফ্রিকা) • সেরা তরুণ খেলোয়াড় : সিমন এডিংগারা (আইভোরিকোস্ট) • ফেয়ার প্লে ট্রফি : দক্ষিণ আফ্রিকা।

## অস্ট্রেলিয়ান ওপেন

আয়োজন : ১১২তম (উন্মুক্ত যুগে ৫৬তম) • সময়কাল : ১৪-২৮ জানুয়ারি ২০২৪ • ভেন্যু : মেলবোর্ন পার্ক, অস্ট্রেলিয়া • চ্যাম্পিয়ন : পুরুষ একক- যানিক সিনার (ইতালি); নারী একক- অ্যারিনা সাবালেঙ্কা (বেলারুশ)।

- ইতিহাস সৃষ্টি করে ইতালির প্রথম খেলোয়াড় এবং কেরিয়ারের প্রথম গ্র্যান্ড স্লাম শিরোপা হিসেবে যানিক সিনার অস্ট্রেলিয়ান ওপেনের পুরুষদের সিঙ্গলস ফাইনাল জিতেন। দীর্ঘ ১০ বছর পর অস্ট্রেলিয়ান ওপেনের পুরুষদের সিঙ্গলস বিভাগে নতুন কেউ বিজয়ী হলেন।
- টানা দুই বছর অস্ট্রেলিয়ান ওপেন জয় করে নিজ দেশের ভিক্টোরিয়া আজারেঙ্কার কথা মনে করিয়ে দিলেন সাবালেঙ্কা। ২০১২ ও ২০১৩ সালে টানা দুবার অস্ট্রেলিয়ান ওপেন জয় করেন বেলারুশের ভিক্টোরিয়া আজারেঙ্কা।



যানিক সিনার



অ্যারিনা সাবালেঙ্কা

## জোকোর আরেক প্রথম

টেনিসের রেকর্ড বইয়ের পাতায় পাতায় তার নাম। সবচেয়ে বেশি গ্র্যান্ড স্লাম, ওয়ার্ল্ড ট্যুর ফাইনালস কিংবা ১০০০ মাস্টার্স— সব শিরোপাই সবচেয়ে বেশিবার জিতেন তিনি। এবার রেকর্ড বইয়ের আরও একটি পাতায় নাম তুললেন নোভাক জোকোভিচ। পুরুষ টেনিস ইতিহাসের একমাত্র প্রতিযোগী হিসেবে চার গ্র্যান্ড স্লামেই ১০০ কিংবা তার চেয়ে বেশি ম্যাচ খেলার রেকর্ড গড়েন সার্বিয়ান এ তারকা।

কোন গ্র্যান্ড স্লামে কত ম্যাচ : অস্ট্রেলিয়ান ওপেন : ১০০ • ফ্রেঞ্চ ওপেন : ১০৮ • উইম্বলডন : ১০৩ • ইউএস ওপেন : ১০১।

## রেকর্ড বিশ্ব


- **আগারওয়ালের বিশ্ব রেকর্ড :** প্রথম শ্রেণির ক্রিকেটে দ্রুততম ট্রিপল সেঞ্চুরির বিশ্ব রেকর্ড গড়েন তন্ময় আগারওয়াল। ভারতের রঞ্জি ট্রফিতে এক ম্যাচে ১৪৭ বলে ট্রিপল সেঞ্চুরি করা ২৮ বছর বয়সি এ ওপেনার অপরাজিত ছিলেন ৩২৩ রানে। এর আগে রেকর্ডটি ছিল দক্ষিণ আফ্রিকার মার্কো মারাইসের।
- **দ্রুততম মানব ও মানবী :** ৯-১১ ফেব্রুয়ারি ২০২৪ বাংলাদেশ অ্যাথলেটিকস ফেডারেশনের ব্যবস্থাপনায় '৪৭তম জাতীয় অ্যাথলেটিকস প্রতিযোগিতা-২০২৩' ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শেষ হয়। দেশের সর্ববৃহৎ ও বর্ণাঢ্য এই ক্রীড়ানুষ্ঠানে ৬৩টি সংস্থার ৫২৯ জন অ্যাথলেট অংশগ্রহণ করে। এবারের আসরের দ্রুততম মানব হন ইমরানুর রহমান, আর দ্রুততম মানবী শিরিন আক্তার, যিনি রেকর্ড ১৫তম বারের মতো দ্রুততম মানবী হন।





- **১০০ বছর বয়সে ডাইভিং :** ৯ ফেব্রুয়ারি ২০২৪ কাতারের দোহায় বিশ্ব অ্যাকুয়াটিকস মাস্টার্স চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতার ক্ষণগণনা উপলক্ষে ও প্রচারণা চালাতে ১ মিটার স্প্রিংবোর্ড থেকে পুলে ঝাঁপ দেন শতবর্ষী আসকর। আন্তর্জাতিক সংস্থা ওয়ার্ল্ড অ্যাকুয়াটিকস জানায়, ১০০ বছর বয়সি আসকর অংশ নেবেন মাস্টার্স চ্যাম্পিয়নশিপেও। ৪১ বছর বয়সে সর্বশেষ (ইরানের) জাতীয় চ্যাম্পিয়নশিপে অংশ নিয়ে সোনা জয়ের পর অবসর নেন। সেই প্রতিযোগিতায় অংশ নিতেই ৫৯ বছর পর ডাইভিংয়ে ফিরেন আসকর। উল্লেখ্য, ১৯৫১ সালে ভারতের রাজধানী দিল্লিতে বসে এশিয়ান গেমসের প্রথম আসর সেখানে অংশ নেন আসকর।
- **ভারতের প্রথম পেসার হিসেবে রেকর্ড :** ভারতের প্রথম পেসার এবং সবমিলে চতুর্থ বোলার হিসেবে আইসিসি টেস্ট র‍্যাংকিংয়ের শীর্ষে উঠেন যাসপ্রিত বুমরাহ। এর আগে এ কীর্তি গড়েন তিন স্পিনার রবিচন্দ্রন অশ্বিন, রবিন্দ্র জাদেজা ও প্রয়াত বিষাণ সিং বেদি।
- **অলিম্পিকে আইফেল টাওয়ার :** ফ্রান্সের প্যারিসের প্রতীক হয়ে আছে আইফেল টাওয়ার। এবার সেই দেশেই ২০২৪ সালের জুলাই-আগস্টে বসছে গ্রীষ্মকালীন অলিম্পিক ও প্যারালিম্পিক। অর্থাৎ এবারের অলিম্পিকের পদকে থাকবে আইফেল টাওয়ারের কিছু অংশ। পদকের সামনের অংশে যোগ করা ষড়ভূজ আকৃতির বাড়তি একটা অংশ বানানো হবে আইফেল টাওয়ারের পুরোনো লোহা-লক্কড় ব্যবহার করে। ৮ ফেব্রুয়ারি ২০২৪ আনুষ্ঠানিকভাবে পদকের নকশা উন্মোচন অনুষ্ঠানে আয়োজকেরা এ তথ্য জানায়।
- **টি-২০তে জাপানের বিশ্বরেকর্ড :** ১৫ ফেব্রুয়ারি ২০২৪ চীনের বিপক্ষে ইস্ট এশিয়া কাপে মংককে জাপানের অধিনায়ক কেন্দেল কাদওয়াকি-ফ্লেমিং ও লাচলান ইয়ামামোতো-লেক আন্তর্জাতিক টি-২০তে উদ্বোধনী জুটিতে বিশ্ব রেকর্ড গড়েন। ২০ ওভার ব্যাটিং করে দুজন তুলেন ২৫৮ রান। ক্রিকেটের বিশ্বায়নের অংশ হিসেবে ২০১৮ সালে সকল সহযোগী সদস্যকেই টি-২০ মর্যাদা দেয় আইসিসি।

♦ ২০২৪ সালের জন্য তিন সংস্করণে অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। তিনি স্থলাভিষিক্ত হন সাকিব আল হাসানের। অন্যদিকে, নতুন প্রধান নির্বাচক গাজী আশরাফ হোসেন লিপু এবং সহনির্বাচক আব্দুর রাজ্জাক ও হান্নান সরকার।



## ICC'র বর্ষসেরা দল

■ **ওয়ানডে**

**পুরুষ :** রোহিত শর্মা (অধিনায়ক), শুবমান গিল, ট্রাভিস হেড, বিরাট কোহলি, ড্যারিল মিচেল, হাইনরিখ ক্লাসেন, মার্কো জ্যানসেন, অ্যাডাম জাম্পা, মোহাম্মদ সিরাজ, কুলদীপ যাদব ও মোহাম্মদ শামি।

**নারী :** চামারি আতাপাত্তু (অধিনায়ক), ফিবি লিচফিল্ড, এলিস পেরি, অ্যামেলি কের, বেথ মুনি, ন্যাট শিভার-ব্রান্ট, অ্যাশলেই গার্ডনার, অ্যানাবেল সাদারল্যান্ড, নাদিন ডি ক্লার্ক, লি তাহুহু ও নাহিদা আক্তার।

■ **টি-২০**

**পুরুষ :** যশস্বী জয়সোয়াল, ফিল সল্ট, নিকোলাস পুরান, সূর্যকুমার যাদব (অধিনায়ক), মার্ক চ্যাপম্যান, সিকান্দার রাজা, আলপেশ রামজানি, মার্ক অ্যাডাইর, রবি বিষ্ণয়, রিচার্ড এনগারাভা ও অর্শদীপ সিং।

**নারী :** চামারি আতাপাত্তু (অধিনায়ক), বেথ মুনি, লরা ভলভার্ট, হেইলি ম্যাথিউস, ন্যাট শিভার-ব্রান্ট, অ্যামেলি কের, এলিস পেরি, অ্যাশলেই গার্ডনার, দীপ্তি শর্মা, সোফি একলেস্টন ও মেগান শুট।

■ **টেস্ট :** উসমান খাজা, দিমুথ করুনারত্নে, কেইন উইলিয়ামসন, জো রুট, ট্রাভিস হেড, রবীন্দ্র জাদেজা, অ্যালেক্স ক্যারি, প্যাট কামিন্স (অধিনায়ক), রবিচন্দ্রন অশ্বিন, মিচেল স্টার্ক ও স্টুয়ার্ট ব্রড।

## ICC'র বর্ষসেরা পুরস্কার ২০২৩

**সেরা ক্রিকেটার**



স্যার গ্যারি সোবার্স ট্রফি : প্যাট কামিন্স; অস্ট্রেলিয়া



র‍্যাচেল ফ্লিন্ট ট্রফি : ন্যাট শিভার-ব্রান্ট; ইংল্যান্ড

◆ **টেস্ট ক্রিকেটার :** উসমান খাজা; অস্ট্রেলিয়া

◆ **ওয়ানডে ক্রিকেটার :** পুরুষ : বিরাট কোহলি; ভারত; নারী : চামারি আতাপাত্তু; শ্রীলংকা

◆ **টি-২০ ক্রিকেটার:** পুরুষ: সূর্যকুমার যাদব; ভারত; নারী : হেইলি ম্যাথিউস; ওয়েস্ট ইন্ডিজ

◆ **উদীয়মান ক্রিকেটার :** পুরুষ : রাচিন রবীন্দ্র; নিউজিল্যান্ড; নারী : ফোবি লিচফিল্ড; অস্ট্রেলিয়া

◆ **সহযোগী দেশের ক্রিকেটার :** পুরুষ : বাস ডি লিড; নেদারল্যান্ডস; নারী : কুইন্টর অ্যাবেল; কেনিয়া

◆ **সেরা আম্পায়ার :** রিচার্ড ইলিংওয়ার্থ; ইংল্যান্ড

◆ **স্পিরিট অব ক্রিকেট অ্যাওয়ার্ড :** জিম্বাবুয়ে।

## অস্ট্রেলিয়ার বর্ষসেরা

৩১ জানুয়ারি ২০২৪ প্রদান করা হয় অস্ট্রেলিয়ার বর্ষসেরা ক্রিকেটারদের পুরস্কার। ২০২৩ সালের জন্য বর্ষসেরা এ পদকগুলো হলো—

❙ অ্যালান বোর্ডার পদক (পুরুষ) : মিচেল মার্শ

❙ বেলিন্ডা ক্লার্ক পুরস্কার (নারী) : অ্যাশলেই গার্ডনার







❙ টি-২০ : পুরুষ- জেসন বেহরেনডর্ফ ও নারী- এলিস পেরি

❙ ওয়ানডে : পুরুষ- মিচেল মার্শ ও নারী- এলিস পেরি

❙ টেস্ট : পুরুষ- নাথান লায়ন

❙ ঘরোয়া ক্রিকেটার : পুরুষ- ক্যামেরন ব্যানক্রাফট ও নারী- সোফি ডে এবং এলিস ভিলানি

❙ ব্র্যাডম্যান সেরা তরুণ ক্রিকেটার : পুরুষ- ফার্গাস ও'নেইল ও নারী- এমা ডে ব্রাফ।

❙ বিগ ব্যাশের টুর্নামেন্ট সেরা : পুরুষ- ম্যাট শর্ট (অস্ট্রেলিয়া) ও নারী- চামারি আতাপাত্তু (শ্রীলংকা)।

## শীর্ষস্থান হারালেন সাকিব

আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (ICC) ওয়ানডে অলরাউন্ডার র‍্যাংকিংয়ে শীর্ষস্থান হারান বাংলাদেশের সাকিব আল হাসান। টাইগারকে সরিয়ে ওয়ানডে র‍্যাংকিংয়ের শীর্ষস্থান দখল করেন আফগানিস্তানের অলরাউন্ডার মোহাম্মদ নবি। ৭ মে ২০১৯ থেকে ৫ বছর বা ১৭৩৯ দিন ওয়ানডে ক্রিকেটে অলরাউন্ডারদের নেতৃত্ব দেন সাকিব। ৩৯ বছর বয়সি মোহাম্মদ নবির রেটিং পয়েন্ট ৩১৪। সাকিব আল হাসানের রেটিং পয়েন্ট ৩১০।

## ২০২৬ বিশ্বকাপসূচি

৫ ফেব্রুয়ারি ২০২৪ ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডার যৌথ আয়োজনে ২০২৬ ফুটবল বিশ্বকাপের বিভিন্ন পর্বের ম্যাচের সূচি ও ভেন্যুর চূড়ান্ত ঘোষণা দেয়। ৪৮ দল ও ৩৯ দিনের ২০২৬ বিশ্বকাপের ১০৪টি ম্যাচ হবে তিন দেশের ১৬টি ভেন্যুতে। ৮২,৫০০ দর্শক ধারণক্ষমতার মেটলাইফ স্টেডিয়ামে ফাইনালসহ হবে মোট আটটি ম্যাচ। কানাডা পর্বের ম্যাচগুলো হবে টরেন্টো ও ভ্যাঙ্কুভারে। বিশ্বের প্রথম স্টেডিয়াম হিসেবে তিনটি ভিন্ন বিশ্বকাপের ম্যাচ আয়োজনের সাক্ষী হবে মেক্সিকোর আজতেকা। এ মাঠেই অনুষ্ঠিত হয় ১৯৭০ ও ১৯৮৬ বিশ্বকাপ ফাইনাল। এবার হবে উদ্বোধনীসহ মোট পাঁচটি ম্যাচ।

উদ্বোধনী ম্যাচ : ১১ জুন; মেক্সিকোর আজতেকা স্টেডিয়াম • গ্রুপ পর্ব : ১১-২৭ জুন • শেষ ৩২ : ২৮ জুন-৩ জুলাই • শেষ ১৬ : ৪-৭ জুলাই • কোয়ার্টার ফাইনাল : ৯-১১ জুলাই • সেমিফাইনাল : ১৪ ও ১৫ জুলাই; ডালাস ও আটলান্টায় • স্থান নির্ধারণী : ১৮ জুলাই; মিয়ামি • ফাইনাল : ১৯ জুলাই; নিউইয়র্কের মেটলাইফ স্টেডিয়াম।